কহ'ন্তি — কোথায়; আহ — জিজ্ঞেস করল; সম্ম — বন্ধু, তব — তোমার, ঠপেত্বা — রেখে; মম — আমার, উদকে — জলে; নিমুগ্গকালে — ডুব দেয়ার সময়; কুললো — ঈগল পাখি; নখপঞ্জরেন — নখদ্বারা; গহেত্বা — ধরে, আকাসং — আকাশপথে, পক্খন্তো — উড়ে গেছে; অহং — আমি, পাণিং — হাত, পহরিত্বা — তালি দিয়ে, বিরবিত্বা — শব্দ করে; বাযমন্তোপি — চেষ্টা করেও, মোচেতুং — মুক্ত করতে, নাসক্খিং — সমর্থ হয় নি; ত্বং — তুমি, মুসা — মিথ্যা; ভণসি — বলছ; দারকং — বালককে; গহেত্বা — নিয়ে; গন্তুং — যেতে, সমত্থো — সমর্থ, নত্থী'তি — নয়; হোতু — হোক; অযুত্তেপি — অসম্ভব হোক — হলে; করোমি — করব, কুললেনেব — ঈগল পাখী দ্বারাই; নীতো'তি — অপহৃত হয়েছে।

শব্দার্থ — ৩

তং — তাকে, সন্তজ্জেত্বা — তর্জন গর্জন করে, অরে — ওরে; দুট্ঠচোর — দুষ্টচোর, মনুস্সমারক — নরহন্তা, ইদানি — এখন; তং — তোমাকে, বিনিচ্ছযং — বিচারে, গন্ত্বা — নিয়ে, গিয়ে, কড্ঢাপেস্সামী'তি — হত্যা করবে বলে; নিক্খমি — বের হল; রুচ্চনকমেব — ইচ্ছানুরূপ; করোহী'তি — কর বলে; তেনেব — তারই; সদ্ধিং — সহিত; বিনিচ্ছযট্ঠানং — বিচারালয়ে; অগমাসি — গিয়েছিল; আহ — বলল; অযং — এই ব্যক্তি; সামি — প্রভু; নহাযিতুং — স্নান করতে, গতো — গিয়েছিল, কহং — কোথায়; পুত্তো'তি — পুত্র, বুত্তে — জিজ্ঞাসা করা হলে; কুললেনেব — ঈগল কর্তৃক; হটো'তি — অপহৃত হয়েছে; বিনিচ্ছিনথ — বিচার করেন; অট্টং — বিবাদ

শব্দার্থ- ৪

সচ্চং — সত্য, ভণে — বল, ইতরং — অপর ব্যক্তিকে; পুচ্ছি — জিজ্ঞাসা করল; আম — হাঁ, সামি — প্রভু, অহং আমি , গতো — গিয়েছিলাম; সেনেন — শ্যেন পাখি কর্তৃক, পহটভাবো — অপহরণের কথা; সচ্চমেব — সত্যই; লোকে — জগতে, হরন্তি — নিয়ে যায়; অহম্পি — আমিও; তুম্হে — আপনাকে; পুচ্ছামি — জিজ্ঞাসা করছি; গহেত্বা — নিয়ে; গন্তুং — যেতে; নক্কোন্তি — সমর্থ না হয়; অয়ফালে — লোহার ফালে; খাদন্তি - খায়, ইদং এই, ইহা; ময়া — আমা কর্তৃক; এতস্স — ইহার; পঞ্চফালক সতানি — পাঁচশত ফাল; ঠপিতানি — রাখা হয়েছিল; মুসিকাহি — মূষিক কর্তৃক; খাদিতানি — খাওয়া হয়েছে; মুসিকানং — ইঁদুরগুলোর; বচ্চং — মল; দস্সেতি — দেখাচ্ছে; চে — যদি, কুললাপি — ঈগল পাখিও; হরিস্সন্তি — হরণ করে, সচে — যদি

সারাংশ

পুরাকালে বারাণসী রাজ্যে ব্রহ্মদত্তের রাজত্বকালে বোধিসত্ত্ব মন্ত্রীকুলে জন্মগ্রহণ করেন তিনি ব্রহ্মদত্তের বিচার বিভাগের মন্ত্রী ছিলেন সে সময় গ্রামবাসী ও নগরবাসী দুজন বণিক ছিলেন তাদের উভয়ের বন্ধুত্ব ছিল। একদিন গ্রামবাসী বণিক নগরবাসী বণিকের নিকট পাঁচশত ফাল জমা রেখেছিল

নগরবাসী বণিক ফালগুলোর স্থানে ইঁদুরের বিষ্ঠা ছড়িয়ে ফালগুলো বাজারে বিক্রয় করে দিল বিক্রয়লব্ধ টাকা আত্মসাৎ করল গ্রামবাসী বণিক ফালগুলো নিতে এলে সে বিষ্ঠা দেখাল ফালগুলো ইঁদুরে খেয়ে ফেলেছে বলে উত্তর দিল গ্রামবাসী বণিক উত্তর দিল- তাহলে আর কী করা যায়

গ্রামবাসী বণিক একদিন নদীতে স্নান করতে যাবার সময় তার ছেলেকে সাথে নিল পথে এক বাড়ির ভেতরে তাকে আটকে রাখল। ফিরে এসে নগরবাসী বণিক বলল- তার ছেলেকে ঈগল পাখি নিয়ে গেছে দুষ্ট বণিক আশ্চর্য হয়ে গেল ঈগল পাখি কী করে ছেলেকে নিয়ে যেতে পারে? তাদের উভয়ের বিবাদ চরমে গেল শেষ পর্যন্ত নগরবাসী বণিক বিচারকের শরণাপন্ন হল। দুষ্ট বণিক বোধিসত্ত্বকে সমস্ত ঘটনা খুলে বলল, বিচারক বিবাদীকে জিজ্ঞেস করলে সে একই উত্তর দিল।

বোধিসত্ত্ব গ্রামবাসীকে সত্য কথা খুলে বলতে বলল প্রভু, সত্যই তার ছেলেকে ঈগল পাখি নিয়ে গেছে ঈগল পাখি ছেলে নিয়ে যায় এ কথা তো কেউ শোনে নি প্রভু যদি ঈগল পাখি ছেলে নিয়ে যেতে না পারে তাহলে ইঁদুর কী করে লোহার ফাল খায়? তখন বোধিসত্ত্ব সমস্ত ঘটনা বুঝে নিলেন বোধিসত্ত্ব বিচার করলেন কপটতার জন্যই কপটতা শঠের জন্যই শঠতা হে কপট ব্যক্তি, নগরবাসীর ফাল ফিরিয়ে দাও তাহলে তোমার ছেলেকেও ফিরে পাবে।

গ্রামবাসী ও নগরবাসী বণিক একে অপরের হারানো ফাল ও পুত্র ফিরিয়ে দিল বোধিসত্ত্ব তাদেরকে সৎপথে চলার জন্য উপদেশ দিলেন।

উপদেশ :

ঢিল মারলে পাটকেলটি খেতে হয়।

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১ উপদেশসহ কূটবাণিজ জাতকটি সংক্ষেপে লেখ।

২ গ্রামবাসী ও নগরবাসী উভয় বণিকের চরিত্র বিশ্লেষণ কর

৩ ঢিল মারলে পাটকেলটি খেতে হয়। -এটি কোন জাতকের উপদেশ? জাতকটি সংক্ষেপে লেখ

(খ) সংক্ষেপে উত্তর দাও :

১ নগরবাসী বণিক গ্রামবাসী বণিকের সাথে কী শঠতা করেছিল?

২ গ্রামবাসী বণিক তার ফালগুলো ফিরে পাওয়ার জন্য কী কৌশল অবলম্বন করেছিল? সংক্ষেপে লেখ

৩। বোধিসত্ত্ব বিচারের কী রায় দিয়েছিলেন?

(গ) বামপাশের বাক্যের সাথে ডান পাশের বাক্য মিল কর :

১	বোধিসত্ত্ব ব্রহ্মদত্ত রাজার	ক	আত্মসাৎ করল
২	নগরবাসী বিক্রয়লব্ধ টাকা	খ	শঠতার জন্য শঠতা
৩	শেষ পর্যন্ত নগরবাসী বণিক	গ	চলার জন্য উপদেশ দিলেন
৪	কপটার জন্য কপটতা	ঘ	বিচার বিভাগের মন্ত্রীসভা
৫	বোধিসত্ত্ব তাদেরকে সৎপথে	ঙ	বিচারের শরণাপন্ন হল

(ঘ) সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও :

১। বোধিসত্ত্ব ব্রহ্মদত্ত রাজার সময় কোন্ বিভাগের মন্ত্রী ছিলেন?

ক. বিচার খ. রাজস্ব

গ শিক্ষা ঘ. পূর্ত

২ গ্রামবাসী বণিক নগরবাসী বণিকের নিকট কতটি ফাল জমা রেখেছিল?

ক. দুইশত খ. তিনশত

গ. চারশত ঘ. পাঁচশত

৩। 'আহ' শব্দের অর্থ কী?

ক. বলে খ. বললে

গ. বলল ঘ. বলে থাকবে

৪। 'মা দেথ' বলতে কী বোঝ?

ক. মা, দিন খ. না, দাও

গ. দিও না ঘ অবশ্য দেবেন

কলায়মুট্ঠি – জাতক

অতীতে বারাণসিযং ব্রহ্মদত্ত রজ্জং কারেন্তে বোধিসত্তো অত্থধম্মানুসাসকো সব্বত্থকামচ্চো অহোসি অথ রঞ্ঞো পচ্চন্তে কুপিতে পচ্চন্তযোধা পণ্ণং পেসেসি। রাজা বসসাকালে নিকখমিত্বা উয্যানে খন্ধাবারং বন্ধি বোধিসত্তো রঞ্ঞো সন্তিকে অট্ঠাসি।

তস্মিং সমযে অস্সানং কলাযে সেদেত্বা আহরিত্বা দোনিযং পক্খিপিংসু উয্যানমক্কটেসু একো মক্কটো রুক্খা ওতরিত্বা ততো কলাযে গহেত্বা মুখং পুরেত্বা হত্থেহি পি গহেত্বা খাদিতুং আরভি অথস্স খাদমানস্স হত্থতো একো কলাযো ভূমিযং পতি সো মুখেন চ হত্থেহি গহিতে সব্বে কলাযে ছড্ডেত্বা রুক্খা ওরুয্হ তমে'ব কলাযং ওলোকেন্তো তং কলাযং অদিস্বা ব পুন রুক্খং অভিরুহিত্বা অথ সহস্সং পরাজিতো বিয সোচমানো দুম্মুখো রুক্খসাখায নিসীদি।

রাজা মক্কটস্স কিরিযং দিস্বা বোধিসত্তং আমন্তেত্বা "বযস্স, কিং নাম এতং মক্কটেন কতং"তি পুচ্ছি বোধিসত্তো "মহারাজ, বহুং অনবলোকেত্বা অপ্পং ওলোকেন্তা দুব্বুদ্ধিনো বালা এবরূপং করোন্তি যেবা'তি বত্বা পঠমং গাথমাহ ঃ

বালো বতাযং দুমসাখগোচরো,
পঞ্ঞা জনিন্দ ন ইমস্স বিজ্জতি,
কলাযমুট্ঠিং অবকিরিয কেবলং,
একং কলাযং পতিতং গবেসতী'তি।

এবং বত্বা পুন বোধিসত্তো তং উপসংকমিত্বা রাজানং আমন্তেন্তো দুতিযং গাথমাহঃ

এবং এব মযং রাজা যে চঞ্ঞে অতিলোভিনো,
অপ্পেন বহুং 'জিয্যাম কলাযেনেব বানরো'তি

রাজা তস্স কথং সুত্বা ততো পটিনিবত্তিত্বা বারাণসিনগরং এব পবিসি, চোরাপি "রাজা কির চোরমদ্দনং করিস্সামী"তি নগরা নিকখন্তো" 'তি সুত্বা পচ্চন্ততো পলাযিংসু।

রাজা ইমং ধম্মদেসনং আহরিত্বা জাতকং সমোধানেসি "তদা রাজা আনন্দো অহোসি, পণ্ডিতো অমচ্চো অহং এবা"তি।

শব্দার্থ– ১

অত্থধম্মানুসাসকো অর্থ এবং ধর্মানুশাসক সব্বত্থকামচ্চো প্রধানমন্ত্রী অহোসি ছিলেন রঞ্ঞো রাজার, পচ্চন্তে—সীমান্ত প্রদেশ, কুপিতে—বিদ্রোহ ঘোষণা করলে; পচ্চন্তযোধা—সীমান্ত প্রদেশে অবস্থিত সৈন্যগণ, পণ্ণং—পত্র পেসেসি—প্রেরণ করলেন • নিকখমিত্বা—বের হয়ে উয্যানে—উদ্যানে, খন্ধাবারং—শিবির, বন্ধি সন্নিবেশ করলেন সন্তিকে নিকটে, অট্ঠাসি রইলেন

শব্দার্থ — ২

খণে — সময়ে, অস্সানং — অশ্বগুলোর জন্যে , কলায়ে — কলাইগুলি , সেদেত্বা — সিদ্ধ করে; আহরিত্বা — সংগ্রহ করে; দোনিযং — বৃহৎপাত্রে , পক্খিপিংসু — রাখা হয়েছিল , মক্কটেসু — বানরগুলোর মধ্যে , মক্কটো — বানর , রুক্খা — বৃক্ষ হতে , ওতরিত্বা — নেমে; ততো — তথা হতে , গহেত্বা — নিয়ে; পূরেত্বা — পুরে , হত্থেহি'পি — হাতেও , খাদিতুং — খেতে; আরভিত — আরম্ভ করেছিল , খাদমানস্স — খেতে খেতে , হত্থতো — হাত হতে , ভূমিযং — মাটিতে , পতি — পড়েছিল , মুখেন — মুখের ভেতর , হত্থেহি চ — হাত দ্বারা ; গহিতে — গৃহীত , সব্বে — সকল , ছড্ডেত্বা — ছড়িয়ে দিয়ে , ওরুয্হ — অবতরণ করে; তং এব — সেই , ওলোকেন্তো — অন্বেষণ করতে করতে , অদিস্বা — না দেখে , অভিরুহিত্বা — উঠে , অথসহস্সং — সহস্র মুদ্রা , পরাজিতো — নষ্ট , সোচমানো — শোক করতে করতে; দুম্মুখো — মলিন মুখে , নিসীদি — বসে রইল

শব্দার্থ — ৩

মক্কটস্স — বানরের , কিরিযং — কার্যকলাপ , দিস্বা — দেখে, আমন্তেত্বা — ডেকে , কিং নাম — নাম কী; এতং — এই; মক্কটেন — বানর কর্তৃক , কতন্তি — করা হয়েছে , পুচ্ছি — জিজ্ঞাসা করলেন , অনবলোকেত্বা — অগ্রাহ্য করে , অপ্পং — অল্প , ওলোকেত্বা — দেখে, দুব্বুদ্ধিনো — বুদ্ধিহীন; বালা — মূর্খগণ , এবরূপং — এ রূপ , করোন্তি — করে; বত্বা — বলে।

শব্দার্থ — ৪

বালো — মূর্খ , বতাযং — নিশ্চয়ই এই , দুমসাখাগোচরে — বৃক্ষশাখাবিহারী , পঞ্ঞা — প্রজ্ঞা: বুদ্ধি , জনিন্দ — মহারাজ , ইমস্স — এই , বিজ্জতি — আছে; অবকিরিয — ছড়িয়ে দিয়ে , কেবলং — কেবল , গবেসতী'তি — অন্বেষণ করছে

শব্দার্থ — ৫

এবং — এরূপ , উপসংকমিত্বা — নিকটে গিয়ে , রাজানং — রাজাকে ; আমন্তেত্বো — আহ্বান করে

শব্দার্থ — ৬

অঞ্ঞে — অন্যান্য সকল , অতিলোভিনো — অতিশয় লোভী , অপ্পেন — অল্পের জন্য ; জিয্যাম — নষ্ট করছে , কলাযেনেব — কলাই এর ন্যায়।

শব্দার্থ — ৭

তস্স — তাহার , কথং — কথা , সুত্বা — শুনে , ততো — তা হতে , পটিনিবত্তিত্বা — ফিরে গিয়ে , পাবিসি — প্রবেশ করলেন , চোরাপি — বিদ্রোহীরা ; চোরমদ্দনং — বিদ্রোহ দমন , করিস্সামী'তি — করব এই উদ্দেশ্যে , নগরা — রাজধানী হতে , নিক্খন্তো — বের হয়েছেন , সুত্বা — শুনে , পচ্চন্ততো — সীমান্ত প্রদেশ হতে; পলাযিংসু — পলায়ন করেছিল

সারাংশ

বোধিসত্ত্ব একসময় ব্রহ্মদত্ত রাজার অর্থ ধর্মানুশাসক মন্ত্রী ছিলেন হঠাৎ করে সীমান্ত রাজ্যে বিদ্রোহ দেখা দিয়েছিল সৈন্যরা রাজার কাছে বিদ্রোহ দমনের জন্য পত্র পাঠাল রাজা বর্ষাকালে উদ্যান শিবির স্থাপন করলেন বোধিসত্ত্ব রাজার সাথে রইলেন উদ্যান যুদ্ধের অশ্বের জন্য বড় পাত্রে কলাই সিদ্ধ করে রাখা হয়েছিল উদ্যানস্থ বৃক্ষের একটি বানর নিচে নেমে পাত্র থেকে একমুষ্টি কলাই মুখে পুরে গাছে উঠল সে খাবার সময় একটি কলাই মাটিতে পড়ে গেল মুখের অবশিষ্ট কলাইও মাটিতে ফেলে দিয়ে ঐ কলাইটি খুঁজতে লাগল না পেয়ে গাছে উঠে মলিন মুখে গাছের ডালে বসে রইল।

রাজা বানরটির কাণ্ড দেখে বোধিসত্ত্বকে এর কারণ জিজ্ঞাসা করলেন বোধিসত্ত্ব উত্তরে বললেন, মূর্খ লোকেরা অল্পের জন্য বহুকে অগ্রাহ্য করে বৃক্ষশাখার বানরটি মূর্খ। সে একটির জন্য একমুষ্টি কলাই মাঠে ছড়িয়ে দিল হারানো কলাইটিও পেল না।

বোধিসত্ত্ব এ প্রসঙ্গে রাজাকে উপদেশ দিলেন - আমাদের রাজাও অতি লোভী ব্যক্তির ন্যায় বানরের কলাই অন্বেষণের মত অল্পের জন্য বহু নষ্ট করছে।

রাজা বোধিসত্ত্বের উপদেশ শুনে যুদ্ধের অভিযান বাদ দিয়ে বারাণসীতে ফিরে এলেন বিদ্রোহীরাও রাজা বিদ্রোহ দমন করতে আসছেন শুনে সীমান্ত প্রদেশ ছেড়ে পালিয়ে গেল

উপদেশ

বজ্র আঁটুনি ফসকা গেরো।

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১ কলায়মুট্ঠি জাতকটি তোমার নিজের ভাষায় লেখ

২ 'মূর্খ লোকেরা অল্পের জন্য বহুকে অগ্রাহ্য করে'।
কলায়মুট্ঠি জাতকের অনুসরণে উদ্ধৃতাংশটি ব্যাখ্যা কর

(খ) সংক্ষেপে উত্তর দাও :

১ ব্রহ্মদত্ত রাজার অর্থ – ধর্মানুশাসক মন্ত্রী কে ছিলেন? তিনি রাজা কে কী উপদেশ দিয়েছিলেন?

২. ব্রহ্মদত্ত রাজা সীমান্ত রাজ্যে বিদ্রোহ দমন করতে গিয়ে ফিরে এলেন কেন?

(গ) বাংলা অনুবাদ কর :

অথ রঞ্ঞো পচ্চন্তে কুপিতে পচ্চন্তযোধা পণ্ণং পেসেসি রাজা বস্সকালে নিক্খমিত্বা উয্যানে খন্ধাবারং বন্ধি বোধিসত্তো রঞ্ঞো সন্তিকে অট্ঠাসি।

(ঘ) সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও :

১। ব্রহ্মদত্ত রাজার কোন্ রাজ্যে বিদ্রোহ দেখা দিয়েছিল?

ক. বারাণসী খ. বিহার

গ. কোশল ঘ. সীমান্ত

২। বৃক্ষ শাখার বানরটিও মূর্খ। —এ কথাটি কে বলেছিলেন?

ক ব্রহ্মদত্ত রাজা খ. বোধিসত্ত্ব

গ. জনৈক মন্ত্রী ঘ. শিবিরাজ

৩। ব্রহ্মদত্ত রাজা কোন্ ঋতুতে শিবির স্থাপন করেছিলেন?

ক. বর্ষাকালে খ. হেমন্তকালে

গ. বসন্তকালে ঘ. শীতকালে

৪। ব্রহ্মদত্ত কেন বারাণসীতে ফিরে এসেছিলেন?

ক. ভীত হয়ে খ. পরাস্ত হয়ে

গ. আহত হয়ে ঘ. বোধিসত্ত্বের উপদেশ শুনে

৫। উদ্যান যুদ্ধের অশ্বের জন্য কী সিদ্ধ করে রাখা হয়েছিল?

ক. ভাত খ. তরকারি

গ. কলাই ঘ. ছোলা

কপি জাতক

অতীতে বারাণসিযং ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে বোধিসত্তো কাসিরট্‌ঠে ব্রাহ্মণকুলে নিব্বত্তিত্বা বযপ্পত্তো পুত্তস্স আধাবিত্বা পরিধাবিত্বা বিচরণ কালে ব্রাহ্মণিযা মাতায পুত্তং অঙ্কেনাদায হিমবন্তং পবিসিত্বা ইসিপব্বজ্জং পব্বজিত্বা তম্পি পুত্তং তাপসকুমারকং কত্বা পণ্ণসালাযং বাসং কপ্পেসি। বস্সারত্ত সমযে অচ্ছিন্নধারে দেবে। বস্সন্তে একো মক্কটো সীতপীলিতো দন্তে খাদন্তো কম্পন্তো বিচরতি। বোধিসত্তো মহন্তে দারুক্খন্ধে আহরিত্বা অগ্গিং কত্বা মঞ্চকে নিপজ্জি।

পুত্তো'পিস্স পাদে পরিমজ্জমানো নিসীদি। সো মক্কটো একস্স মততাপসস্স সন্তাকনি বক্কলানি নিবাসেত্বা চ পারুপিত্বা চ অজিনচম্মং একংসং কত্বা কাজমণ্ডলুং আদায ইসিবেসেন গন্ত্বা পণ্ণসালাদ্বারে অগ্গিস্স কারণা কুহককম্মং কত্বা অট্‌ঠাসি। তাপসকুমারকো তং দিস্বা "তাত তাপসো একো সীতপীলিতো কম্পমানো তিট্‌ঠতি ইধ নং পক্কোসথ বিসিব্বেস্সতী"তি পিতরং আরোচেন্তো পঠমং গাথমাহ ঃ

অযং ইসি উপসম সংযমে রতো
সন্তিট্‌ঠতি সিসিরভযেন অট্‌টিতো
হন্দ অযং পবিসতু'মং অগারকং
বিনেতু সীতং দরথঞ্চ কেবলন্'তি।

বোধিসত্তো পুত্তস্স বচনং সুত্বা উট্‌ঠায ওলোকেত্বা মক্কটভাবং ঞত্বা দুতিযং গাথমাহ ঃ

নাযং ইসি উপসম সংযমে রতো
কপি অযং দুমবরসাখ গোচরো,
সো দূসকো রোসকো চাপি জম্মো
সচে বজে ইমম্পি দূসযে ঘর'ন্তি

এবঞ্চ পন বত্বা বোধিসত্তো উম্মুকং গহেত্বা তং সন্তাসেত্বা পলাপেসি। সো উপ্পতিত্বা বনং পক্খন্তো তথা পক্খন্তো'ব অহোসি। ন পুন তং ঠানং অগমাসি। তে উভোপি অপরিহীনজ্ঝানা ব্রহ্মলোকে পরাযণা অহেসুং

শব্দার্থ — ১

পুত্তস্স — পুত্রের, আধাবিত্বা — হেঁটে; পরিধাবিত্বা — ছুটে; বিচরণকালে — খেলবার বয়সে; ব্রাহ্মণীযা — ব্রাহ্মণীর, মতায — মৃত্যু হলে, পুত্তং — ছেলেকে, অঙ্কেনাদায — কোলে নিয়ে, পবিসিত্বা — প্রবেশ করে; হিমবন্তং — হিমালয় পর্বতে, ইসিপব্বজ্জং — ঋষি প্রব্রজ্যা, পব্বজিত্বা — প্রব্রজিত হয়ে, তম্পি — সেই; তাপসকুমারকং — ঋষিবালক, কত্বা — করে; পণ্ণসালাযং — পর্ণকুটিরে, বাসং — বাস, কপ্পেসি — করতে লাগলেন; বস্সরত্ত — বর্ষাকালের রাত্রিতে, অচ্ছিন্নধারে — মুষলধারে; দেবে — মেঘে, বস্সন্তে — বর্ষণ করতে থাকলে; মক্কটো — বানর; সীতপীলিতো — শীতার্ত, দন্তে — দাঁতগুলো, খাদন্তো — কড় কড় করতে করতে কম্পন্তো — কাঁপতে কাঁপতে, বিচরতি — বিচরণ করতে লাগল, মহন্তে — অনেকগুলো, দারুক্খন্ধে — বৃক্ষকাণ্ড, আহরিত্বা — সংগ্রহ করে; অগ্গিং — অগ্নি, কত্বা — করে, মঞ্চকে — বিছানায়; নিপজ্জি — শুয়ে পড়ল

শব্দার্থ — ২

পুত্তোপি'সস তাঁর পুত্রও , পাদে পাদদ্বয় পরিমজ্জমানো মালিশ করতে করতে , নিসীদি বসে রইল সো — সেই , একসস — একের , মততাপসসস — মৃত তপস্বীর , সত্তকানি — ব্যবহৃত; বক্কলানি — বাকল; নিবাসেত্বা পরিধান করে, পারুপিত্বা গায়ে দিয়ে , অজিন চম্মং মৃগ চর্ম; একংসং এক কাঁধের ওপর, কত্বা — করে; কমণ্ডলুং — দণ্ড কমণ্ডলু , আদায় — নিয়ে , ইসিবেসেন — তপস্বীর ছদ্মবেশে , গন্ত্বা — গিয়ে; পণ্ণসালদ্বারে — পর্ণ কুটিরের দরজায়; অগ্গিসস — আগুনের; কারণা — জন্য; কুহকম্মং — ঠকামি কত্বা করে, অট্ঠাসি দাঁড়িয়ে রইল , তং তাকে , দিস্বা দেখে, তাত পিতা , সীতপীলিতো শীতার্ত , তিট্ঠতি — দাঁড়িয়ে আছে; ইধ — এখানে, পক্কোসথ — আহ্বান করুন; বিসীবেসসতি — শীত নিবারণ করবে , পিতরং — পিতাকে , আযাচন্তো — অনুরোধ করতে করতে ।

শব্দার্থ — ৩

অযং — এই, ইসি — ঋষি উপসমো — শান্ত, সংযমে রতো — সংযমে রত, সংতিট্ঠতি — দাঁড়ায়ে আছে; সিসির ভযেন — শীতের ভয়ে ; অট্টিতো — অস্থির ; হন্দ — হে , পবিসতু'মং — একে প্রবেশ করা হোক ; আগারকং — গৃহের ভেতর , বিনেতু — নিবারণ করুক , দরথং — কষ্ট , কেবলং — সম্পূর্ণরূপে

শব্দার্থ — ৪

পুত্তসস — পুত্রের , বচনং — কথা , সুত্বা — শুনে , উট্ঠায — ওঠে, ওলোকেন্তো — দেখতে দেখতে, ঞত্বা — জেনে; মক্কটভাবং — বানরত্ব

শব্দার্থ — ৫

নাযং — এটা নয় ; কপি — বানর দুমবর — বৃক্ষ, সাখাগোচরো — শাখাবিহারী; দূসকো — নষ্টকারী ; রোসকো — হিংসুক, জম্মো — হীন সচে — যদি , বজে — আসে ইমম্পি — এই , দূসযে — নষ্ট করবে, ঘরং'তি — ঘরখানা

শব্দার্থ—৬

উম্মুকং — জ্বলন্ত কাঠ , সন্তাসেত্বা — ভয় দেখিয়ে , পলাপেসি — তাড়িয়ে দিলেন; উপ্পতিত্বা — লাফ দিয়ে; পক্কন্তো — ছুটতে ছুটতে অপরিহীনজ্ঝানো — ধ্যান পরায়ন হয়ে

সারাংশ

অতীতে বারাণসীতে ব্রহ্মদত্ত রাজত্ব করতেন সে সময় বোধিসত্ত্ব কাশীরাজ্যে ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেছিলেন তাঁর এক ছেলে ছিল সে হেসে ছুটে বেড়াবার সময় হলে তাঁর স্ত্রী মারা গেল তখন বোধিসত্ত্ব ছেলেকে নিয়ে হিমালয়ে ঋষি প্রব্রজ্যা গ্রহণ করেছিলেন

শীতের দিনে তাঁরা কাষ্ঠখণ্ড সংগ্রহ করে আগুন জ্বালিয়ে পাশে শুয়ে রইল একটি বানরও শীতে কম্পমান হয়ে কাতর হয়েছিল সে এক মৃত তাপসের বস্ত্রাদি পরিধান করল কাঁধে মৃগচর্ম ধারণ

করে কমণ্ডলু হাতে পর্ণ শালার পাশে দাঁড়িয়ে রইল ছেলে প্রবঞ্চক সন্ন্যাসীকে দেখে তার পিতাকে বলল— বাবা ঐ শান্ত দান্ত ঋষি দাঁড়িয়ে কাঁপছেন তাকে গৃহের ভেতরে আসতে বলুন তিনি শীত নিবারণ করুক।

পিতা প্রবঞ্চক বানরকে চিনতে পেরে বললেন— সে বৃক্ষ শাখায় অবস্থানকারী বানর সে সর্বনাশা, হিংসুটে এবং হীনস্বভাবসম্পন্ন এখানে এলে আমাদের ঘরখানাও নষ্ট করবে এ বলে বোধিসত্ত্ব একখণ্ড জ্বলন্ত কাষ্ঠ নিয়ে ভয় দেখিয়ে তাড়া করলেন বানর লাফাতে লাফাতে এ বন থেকে অন্য বনে চলে গেল আর কোনদিন আসে নি।

উপদেশ

সততাই সর্বশ্রেষ্ঠ পন্থা।

টীকা

ব্রহ্মদত্ত

তিনি বারাণসীর রাজা ছিলেন অধিকাংশ জাতকেই এ নামের উল্লেখ আছে সুতরাং, এটি কোন ব্যক্তিবিশেষের নাম নয় বংশগত উপাধি বিভিন্ন সময় ভিন্ন ভিন্ন রাজা রাজত্ব করলেও বংশগত উপাধি কোন কোন ক্ষেত্রে ব্যবহার করা হয় অন্যান্য দেশেও প্রচলিত আছে— যেমন 'জার'

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১. উপদেশসহ কপি জাতকটি বর্ণনা কর।

২ 'সততাই সর্বশ্রেষ্ঠ পন্থা' – এটি কোন জাতকের উপদেশ? জাতকটির বিষয়বস্তু সংক্ষেপে লেখ।

(খ) সংক্ষেপে উত্তর দাও :

১ কপি জাতকের নায়ক কে? তিনি কেন ঋষি প্রব্রজ্যা গ্রহণ করেছিলেন?

২। বানর ঋষির বেশ ধারণ করল কেন?

৩। 'ব্রহ্মদত্ত' সম্পর্কে টীকা লেখ।

(গ) শূন্যস্থানে পূরণ কর :

তাপস কুমারকো ——— তং দিস্বা 'তাত তাপসো একো ——— সীত পীলিতো ——— তিট্ঠতি ইধ তং ——— নিসীদেসসতী'তি পিতরং ——— পঠমং গাথমাহ।

(ঘ) সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও :

১। কপি জাতকের বর্ণনা অনুযায়ী বোধিসত্ত্ব কোন্‌কুলে জন্মগ্রহণ করেছিলেন?

ক. ক্ষত্রিয়কুলে খ. ব্রাহ্মণকুলে

গ. শ্রেষ্ঠীকুলে ঘ. কৃষককুলে

২। বানর কোন্ বেশে পর্ণশালার পাশে দাঁড়িয়েছিল?

ক. দেবতার খ. গৃহীর

গ. সন্ন্যাসীর ঘ. যক্ষের

৩। 'তাত, তাপসো একো সীতসীলিতো কম্পমানো তিট্ঠতি' । –এটি কার উক্তি?

ক বোধিসত্ত্বের খ. ব্রহ্মদত্তের

গ. ছেলের ঘ. বানরের

৪। 'মক্কটিভাবং' এর বাংলা অর্থ কী?

ক. মেয়েলিভাব খ. ছেলেমিভাব

গ পুরুষত্ব ঘ. বানরত্ব

৫। 'অট্ঠিকো' বলতে কী বোঝায়?

ক. অস্থির খ. সুস্থির

গ. অস্থিযুক্ত ঘ. অক্ষিবিশেষ

গিরিদত্ত জাতক

অতীতে বারাণসিযং সামরাজা নাম রজ্জং কারেসি। তদা বোধিসত্তো অমচ্চকুলে নিব্বত্তিত্বা বযপ্পত্তো তস্স অত্থধম্মানুসাসকো অহোসি।

রঞ্ঞো পন পাণ্ডবো নাম মঙ্গলস্সো তস্স গিরিদত্তো নাম অস্সবন্ধো, সো খঞ্জো অহোসি। অস্সো মুখরজ্জুকে গহেত্বা তং পুরতো পুরতো গচ্ছন্তং দিস্বা "মং এস সিক্খাপেতী'তি সঞ্ঞায তস্স অনুসিক্খন্তো খঞ্জো অহোসি। তস্স খঞ্জভাবং রঞ্ঞো আরোচেসুং। রঞ্ঞো বেজ্জে পেসেসি। তে গন্ত্বা অস্সস্স, 'গচ্ছ, বযস্স এত্থ কারণং জানাহী'তি, সো গন্ত্বা খঞ্জ অস্সবন্ধসংসগ্গেন তস্স খঞ্জভাবং ঞত্বা রঞ্ঞো তং অত্থং আরোচেত্বা 'সংসগ্গদোসেন নাম এবং হোতী'তি দস্সেন্তো পঠমং গাথং আহ ঃ

দূসিতো গিরিদত্তেন হযো সামস্স পাণ্ডবো,
পোরাণং পকতিং হিত্বা তস্সেব অনুবিধিয্যতী'তি

অথ নং রাজা "ইদানি বযস্স কিং কাতব্ব'ন্তি পুচ্ছি। বোধিসত্তো 'সুন্দরং অস্সবন্ধং লভিত্বা যথা পোরাণো ভবিস্সতী'তি বত্বা দুতিযং গাথং আহ।

সচে চ তনুজো পোসো সিখরাকারকপ্পিতো,
আননে তং গহেত্বান মণ্ডলে পরিবত্তযে,
খিপ্পমেব পহত্বান তস্সেব অনুবিধিয্যতী'তি

রাজা তথা কারেসি। অস্সো পকতিভাবে পতিট্ঠাসি। রাজা তিরচ্ছানগতানম্পি নাম আসযং জানিস্সতী'তি তুট্ঠচিত্তো বোধিসত্তং মহন্তং যসং অদাসি।

সত্থা ইমং দেসনং আহরিত্বা জাতকং সমোধানেসি। "তদা গিরিদত্তো দেবদত্তো অহোসি, অস্সো বিপক্খসাবকো রাজা আনন্দো, অমচ্চপণ্ডিতো পন অহমেবা'তি।"

শব্দার্থ – ১

অমচ্চকুলে—অমাত্যকুল; অত্থধম্মানুসাসকো—ঐহিক এবং পারত্রিক হিতোপদেষ্টা, মঙ্গলস্স—রাজকীয় অশ্ব, অস্সবন্ধো— অশ্ব রক্ষক; খঞ্জো— খোঁড়া; সঞ্ঞায— মনে করে, অনুসিক্খন্তো— অনুসরণ করে; আরোচেসুং জানিয়েছিল সরীরে দেহে, শরীরে; কথযিংসু বলে বযস্স হে বয়স্য; খঞ্জঅস্সবন্ধসংসগ্গেন— খঞ্জ অশ্বরক্ষক সংস্পর্শে, দূসিতো— নষ্ট অস্স— অশ্ব পোরাণং পকতিং—পুরাণং প্রকৃতি, হিত্বা—ত্যাগ করে অনুবিধিয্যতি—অনুকরণ করে।

শব্দার্থ – ২

কিং কাতব্বং— কী করা কর্তব্য, অনুজো পোসো— আপনার অনুরূপ লোক; সিখরাকারকপ্পিতো— অত্যন্ত উচ্চ; আননে— মুখে; মণ্ডলে—মণ্ডলাকারে।

শব্দার্থ—৩

তথা— সেরূপ; কারেসি— করালেন; তিরচ্ছানম্পি— নীচ প্রাণীদের , আসযং— অভিলাষ , তুট্ঠচিত্তো— সন্তুষ্ট

সারাংশ

প্রাচীনকালে শ্যামরাজ নামক এক রাজা বারাণসীতে রাজত্ব করতেন সে সময় বোধিসত্ত্ব অমাত্যকুলে জন্মগ্রহণ করে তাঁর ধর্মানুশাসক হয়েছিলেন শ্যামরাজের পাণ্ডব নামে একটি মঙ্গল অশ্ব ছিল গিরিদন্ত নামে এক খোঁড়া ব্যক্তি তাঁর সহিসের কাজ করত।

গিরিদন্ত ঘোড়ার মুখের রশি ধরে চলত ঘোড়া মনে করত, সহিস তাকে তার মত খুঁড়িয়ে হাঁটতে শিক্ষা দিচ্ছে ঘোড়াও সহিসের মত অনুকরণ করত শেষে সে ঘোড়াও খোঁড়া হয়ে গেল

লোকে রাজাকে এ খবর জানাল রাজা মঙ্গল অশ্বের জন্য বৈদ্য পাঠালেন বৈদ্য অশ্বের কোন রোগ নির্ণয় করতে পারল না অবশেষে শ্যামরাজ ধর্মানুশাসক বোধিসত্ত্বকে এর কারণ নির্ণয়ের জন্য প্রেরণ করলেন। বোধিসত্ত্ব গিয়েই বুঝতে পারলেন, মঙ্গল অশ্ব সহিসের সংসর্গে থেকে এরূপ হয়েছে সহিসের চলন দেখেই এটা সে শিখেছে।

রাজা পরবর্তী কর্তব্য সম্পর্কে বোধিসত্ত্বকে জিজ্ঞেস করলেন তিনি একজন সুস্থ অবিকলাঙ্গ সহিস নিয়োগের কথা বললেন তাহলে মঙ্গল অশ্ব পূর্ববৎ হয়ে যাবে

রাজা বোধিসত্ত্বের পরামর্শ অনুযায়ী সহিস নিযুক্ত করলেন। নতুন সহিস কয়েকদিন অশ্বের মুখের রশি ধরে অশ্বকে পরিচালনা করলেন অশ্ব ধীরে ধীরে খোঁড়াভাব ত্যাগ করল। সে পূর্বের চলনশক্তি ফিরে পেল

উপদেশ

সৎসঙ্গো স্বর্গবাস; অসৎসঙ্গো সর্বনাশ।

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১ গিরিদন্ত জাতকটি তোমার নিজের ভাষায় লেখ

২ মঙ্গল অশ্বের রোগ নির্ণয়ে বোধিসত্ত্বের ভূমিকা আলোচনা কর

(খ) সংক্ষেপে উত্তর দাও :

১ গিরিদন্ত কার নাম? সে কী করত?

২ বোধিসত্ত্ব মঙ্গল অশ্বের রোগ নির্ণয়ে কিভাবে সফল হয়েছিলেন?

২০১৮

(গ) বাংলা অনুবাদ কর :

১ রাজা তথা কারেসি অসসো পকতি ভাবে পতিট্ঠাসি রাজা 'তিরচ্ছানস্সপি নাম আসয়ং জানিস্সতী'তি তুট্ঠচিত্তো বোধিসত্তস্স মহন্তং যসং অদাসি

(ঘ) সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও :

১। শ্যামরাজ কোথাকার রাজা ছিলেন?

ক. অযোধ্যা খ. মিথিলা

গ. অবন্তী ঘ. বারাণসী

২। রাজার ধর্মানুশাসক কে ছিলেন?

ক. বুদ্ধদত্ত খ. জিনদত্ত

গ. বোধিসত্ত্ব ঘ মহাসত্ত্ব

৩। মঙ্গল অশ্ব খোঁড়া সহিসের অনুকরণে কী শিখেছিল?

ক চলন খ. ভ্রমণ

গ শয়ন ঘ দমন

৪ গিরিদত্ত দেখতে কিরূপ ছিল?

ক লেংড়া খ খোঁড়া

গ বধির ঘ অন্ধ

নচ্চ জাতক

অতীতে পঠমকপ্পে চতুপ্পদা রাজানং অকংসু, মচ্ছা আনন্দমচ্ছং, সকুণা সুবণ্ণহংসং তসস পন সুবণ্ণরাজহংসসস ধীতা হংসপোতিকা অভিরূপা অহোসি ইতি সো রাজা তসসা বরং অদাসি সা অত্তনো চিত্তরুচিতং সামিকং বারেসি হংসরাজা তসসা বরং দত্বা হিমবন্তে সব্বসকুণে সন্নিপাতাপেসি নানপ্পকারা হংসমোরাদয়ো সকুণগণা সমাগন্ত্বা একস্মিং মহন্তে পাসানতলে সন্নিপতিংসু । হংসরাজা ধীতরং পোক্কোসাপেসি 'অত্তনো চিত্তরুচিতং সামিকং আগন্ত্বা গণহতূ'তি ।

সা সকুণসংঘং ওলোকেন্তী মনিবণ্ণগীবং চিত্রপেখুনং মোরং দিস্বা রোচেসি – 'অযং মে সামিকং হোতু' সকুণসংঘে মোরং উপসংকমিত্বা আহংসু– 'সম্ম মোর, অযং রাজধীতা এত্তকানং সকুণানং মজ্ঝে সামিকং রোচেন্তি তযি রুচিং উপ্পাদেসি মোরো "অজ্জ অপি তাব মে বলং ন পসসসি' তি বত্বা অতিতুট্‌ঠিযা হিরোত্তপ্পং ভিন্দিত্বা তাব মহতো সকুণসংঘসস মজ্ঝে পক্খে পসারেত্বা নচ্চিতুং আরভি ।

নচ্চন্তো অপটিচ্ছন্নো অহোসি সুবণ্ণহংসরাজা লজ্জিতো ইমসস নেব অজ্ঝত্তসমুট্‌ঠানং হিরী অত্থি, ন চ বহিদ্ধা সমুট্‌ঠানং ওত্তপ্পং, অসস ভিন্ন হিরোত্তপ্পসস মম ধীতরং ন দসসামী'তি সুকণ সংঘমজ্ঝে ইমং গাথমাহ ঃ

রুদং মনুঞ্ঞং রুচিরা চ পিট্‌ঠি
বেলুরিযবণ্ণ পনিবা চ গীবা,
ব্যামমত্তানি চ পেক্‌খুনানি
নচ্চেন তে ধীতরং ন দদামী'তি

হংসরাজা তস্মিং এব পরিসমজ্ঝে অত্তনো ভাগিনেয্য হংসপোতকসস ধীতরং অদাসি মোরো হংসপোতিকং অলভিত্বা লজ্জিত্বা ততো'ব উট্‌ঠহিত্বা পলাযি হংসরাজা'পি অত্তনো বসনট্‌ঠানে এব গতো

শব্দার্থ

পঠমকপ্পে—প্রথম কল্পে , অকংসু—করেছিল , হংসপোতিকা—হংসকন্যা অভিরূপা—সুন্দরী, চিত্তরুচিতং—মনের মত সামিকং স্বামী বারেসি নির্বাচন করেছিল , সন্নিপাতাপেসি একত্রিত করেছিল , হংসমোরাদযো -হাঁস, ময়ূর প্রভৃতি , সমাগন্ত্বা— এসে , পাসাণতলে পাষাণপৃষ্ঠে , পক্কোসাপেসি -ডেকে বলল ।

গণহতু—গ্রহণ কর; সকুণসঙ্ঘং—পাখির দলকে, ওলোকন্তো—দেখতে; মণিবণ্ণগীবং—মণির মত গ্রীবাযুক্ত; চিত্রপেখুনং—বিচিত্র পেখমযুক্ত; উপসংকমিত্বা—উপস্থিত হয়ে; সম্ম—মহাশয়; রোচন্তো পছন্দ করতে; উপ্পাদেসি জন্মেছে, হিরোত্তপ্পং লজ্জাভয়, ভিন্দিত্বা পরিত্যাগ করে, পসারেত্বা—প্রসারিত করে; আরভি— আরম্ভ করল; অপটিচ্ছন্নো — উলঙ্গ; অজ্ঝত্তসমুট্‌ঠানং—অভ্যন্তরীণ; ওত্তপ্পং— ভয়; ভিন্নহি-হিরোত্তপ্পসস—লজ্জাভয়হীনকে; ন দসসামি— দেব না , সকুণসঙ্ঘমজ্ঝে পাখিদের সভায়; রুদং স্বর মনুঞ্ঞং মধুর , রুচিরা সুন্দর; পিট্‌ঠি পৃষ্ঠদেশ , বেলুরিয—বৈদূর্য মণি; বণ্ণনিভা—

বর্ণসদৃশ, গীবা — গলদেশ, ব্যাম-মত্তানি — ব্যাম পরিমিত; পেকখুনানি — পেখমগুলো, নচ্চেন — নৃত্যের মাধ্যমে; তস্মিং এব — এই সেই, হংসপোতকস্স — হংসশাবককে, অলভিত্বা — না পেয়ে; উট্ঠহিত্বা — উঠে, পলায়ি — পালিয়ে গেল, বসনট্ঠানে — বাসস্থানে, এবগতো — চলে গেল।

সারাংশ

প্রাচীনকালে প্রথম কল্পে চতুষ্পদ জন্তুগণ মিলিত হয়ে তাদের মধ্যে রাজা নির্বাচন করেছিল। মৎস্যরা আনন্দকে, পাখিরা সুবর্ণহংসকে রাজা করেছিল। সুবর্ণ রাজহংসের কন্যা অত্যন্ত সুন্দরী ছিল। রাজা তাকে ইচ্ছামত পতি নির্বাচন করতে বলে দিয়েছিল। রাজা হিমালয়ে পাখিদের একত্রিত করে কন্যাকে মনের মত স্বামী গ্রহণ করতে বলল।

কন্যা পেখমযুক্ত এক ময়ূরকে পছন্দ করল। পাখিরা ময়ূরকে এ খবর দিল। ময়ূর আনন্দে শৌর্য বীর্য দেখাতে গিয়ে নাচতে লাগল। পক্ষ বিস্তার করে নাচবার সময় উলঙ্গ হয়ে গেল। সুবর্ণহংসরাজ লজ্জিত হয়ে তাকে আর মেয়ে দিল না। যার লজ্জা ও ভয় নেই তাকে মেয়ে দেওয়ার প্রয়োজন নেই। এ বলে হংসরাজ সে সভায় নিজের ভাগিনা হংসশাবককে কন্যা সম্প্রদান করল।

ময়ূর হংসকন্যাকে না পেয়ে লজ্জায় সে সভা থেকে উঠে গেল। হংস রাজও নিজের বাসস্থানে প্রস্থান করলেন।

উপদেশ

লজ্জা ও ভয় সচ্চরিত্রের লক্ষণ।

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১। নচ্চ জাতকের মূল বক্তব্য তুলে ধর।

২। ময়ূর পতি নির্বাচিত হয়েও কী দোষে আবার তা হারাল? সংক্ষেপে বল।

(খ) সংক্ষেপে উত্তর দাও :

১। পাখিদের স্বয়ম্বর সভার একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

২। চতুষ্পদ জন্তুরা কাকে কাকে রাজা নির্বাচিত করেছিল? তারা কোথায় মিলিত হয়েছিল?

(গ) বাংলা অনুবাদ কর :

১। ইমস্স নেব অজ্ঝত্তসমুট্ঠানং হিরী অত্থি, ন চ বহিদ্ধা সমুট্ঠানং ওত্তপ্পং, অস্স ভিন্নহিরোত্তপ্পস্স মম ধীতরং ন দস্সামী'তি সকুণ সংঘমজ্ঝে ইমং গাথমাহ

(ঘ) সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও :

১। মৎস্যরা কাকে রাজা নির্বাচিত করেছিল?

ক আনন্দ খ. রুই
গ কাতল ঘ. ইলিশ

২। সুবর্ণ হংসরাজ পাখিদের কোথায় একত্রিত করেছিলেন?

ক. জলাশয় খ. হ্রদে
গ হিমালয়ে ঘ. আলি বনে

৩। সুবর্ণরাজহংসের কন্যা কাকে পতি নির্বাচন করেছিল?

ক টিয়া খ. সকুণ
গ হংস ঘ. ময়ূর

৪। হংসরাজ কাকে কন্যা সম্প্রদান করেছিলেন?

ক. ময়ূররাজকে খ. ভাগিনা হংসশাবককে
গ দূরসম্পর্ক আত্মীয়কে ঘ. অন্য পাখিকে

৫। হংসরাজ কোথায় প্রস্থান করলেন?

ক শহরে খ. বনে
গ. বাসস্থানে ঘ নদীতীরে

ফল জাতক

অতীতে বারাণসিয়ং ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে বোধিসত্তো সেট্ঠিকুলে নিব্বত্তিত্বা বয়প্পত্তো পঞ্চহি সকটসতেহি বণিজ্জং করোন্তো একস্মিং কালে মহাবত্তনি অটবিং পত্বা অটবিমুখে ঠত্বা সব্বে মনুস্সে সন্নিপাতেত্বা , 'ইমিস্সা অটবিয়া বিসরুক্খা নাম হোন্তি যেব. পুব্বে তুম্হেহি অখাদিতপুব্বং যং কিঞ্চি পত্তং বা ফলং বা মং অপরিপুচ্ছিত্বা মা খাদিত্থা'হি আহ।

তে সাধূ'তি সম্পটিচ্ছিত্বা অটবিং ওতরিংসু অটবিমুখে চ একস্মিং গামদ্বারে কিম্পক্করুক্খো নাম অত্থি। তস্স খন্ধ-সাখা-পলাস-পুপ্ফ-ফলানিসব্বানি অম্বসদিসানেব হোন্তি; ন কেবলং বণ্ণসণ্ঠানতো বা গন্ধরসেহি পি'স্স আমপক্কানি ফলানি অম্বফল সদিসানি এব, খাদিতানি পন হলাহলবিসং বিয় তং খণং যেব জীবিতক্খয়ং পাপেতি পুরতো গচ্ছন্তা একচ্চে লোলপুরিসা 'অম্বরুক্খো অয়ং'তি সঞ্ঞায় ফলানি খাদিংসু, একচ্চে সত্থবাহং পুচ্ছিত্বা ব খাদিস্সামা' তি হত্থেন গহেত্বা অট্ঠংসু তে সত্থবাহে আগতে 'অয্য, ইমানি ফলানি খাদামা'তি পুচ্ছিংসু।

বোধিসত্তো "নায়ং অম্বরুক্খো" তি "কিম্পক্করুক্খো নাম' এস অম্বরুক্খো, মা খাদিত্থা'তি, বারেত্বা যে খাদিংসু তে পি বমাপেত্বা চতুমধুরং পায়েত্বা আরোগে অকাসি

পুব্বে পন ইমস্মিং রুক্খমূলে মনুস্সা নিবাসং কপ্পেত্বা অম্বফলানী'তি, ইমানি বিসফলানি খাদিত্বা জীবিতক্খয়ং পাপুণন্তি পুনদিবসে গামবাসিনো নিক্খমিত্বা মতমনুস্সে দিস্বা পাদে গহেত্বা পটিচ্ছন্নট্ঠানে ছড্ডেত্বা সকটেহি সদ্ধিং এব সব্বং তেসং সকটং গহেত্বা গচ্ছন্তি।

তে তং দিবসং পি অরুণ উগ্গমনকালে যেব মযহং বলিবদ্দা ভবিস্সন্তি, মযহং সকটং, মযহং সকটং, মযহং ভণ্ডন' তি বেগেন তং রুক্খমূলং গন্ত্বা মনুস্সে নিরোগে দিস্বা কথং তুম্হে ইমং রুক্খং নায়ং অম্বরুক্খো'তি জানিত্থা'তি পুচ্ছিংসু।

তে 'ময়ং ন জানাম সত্থবাহ জেট্ঠকো নো জানী'তি আহংসু। মনুস্সা বোধিসত্তং পুচ্ছিংসু, পণ্ডিত কিং'তি কত্বা ইমস্স রুক্খস্স ন অম্বরুক্খভাবং অঞ্ঞাসী'তি। সো 'দ্বীহি কারণেহি অঞ্ঞাসিং'তি বত্বা ইমং গাথং আহ ঃ

নায়ং রুক্খো দুরারোহো নপি গামতো আরকা,

আকারেন জানামি নায়ং সাধুফলো দুমো'তি।

মহাজনস্স ধম্মং সোত্থিগমনংগতো।

শব্দার্থ

সেট্ঠিকুলে — শ্রেষ্ঠীকুলে; নিব্বত্তিত্বা — জন্মগ্রহণ করে; বয়প্পত্তো — বয়ঃপ্রাপ্ত হয়ে; পঞ্চহি — পাঁচটি দ্বারা, সকট — সতেহি — শত গাড়ি নিয়ে, বণিজ্জং — বাণিজ্য, করোন্তো — করতে করতে, মহাবত্তনীয — দুর্গম, অটবিং — অরণ্য, পত্বা — পেয়ে, অটবিমুখে — বনের প্রবেশ পথে, ঠত্বা — দাঁড়িয়ে; সব্বে — সকল; মনুস্সে — লোকজনকে; সন্নিপাতেত্বা — একত্রিত করে, অটবিযা — বনে, বিসরুক্খো — বিষবৃক্ষ; হোন্তি এব — আছে, তুম্হেহি — তোমাদের দ্বারা; অপরিভুত্তং — খাওয়া হয় নি এরূপ, পত্তং — পাত্র; বা — অথবা, পুপ্ফং — পুষ্প, ফলং — ফল; মং — আমাকে; অপরিপুচ্ছিত্বা — জিজ্ঞাসা না করে, খাদিথাতি — খাবে, আহ — বললেন

তে — তারা, সাধূ'তি — আচ্ছা বলে; সম্পটিচ্ছিত্বা — সম্মতি প্রদান করে, অটবিং — বনের মধ্যে, ওতরিংসু — প্রবেশ করল, একস্মিং — এক, গামদ্বারে গ্রামের নিকট, কিম্পক্করুক্খো — কিম্পক্ক নামক বৃক্ষ; অত্থি — আছে; খন্ধ — কাণ্ড; পলাস — পত্র, পুপ্ফ — পুষ্প; ফলানি — ফলগুলো, সব্বানি — সকল; অম্বসদিসানে'ব — আম গাছের ন্যায়, হোন্তি — হয়, বণ্ণসণ্ঠানতো — বর্ণসংস্থানে, গন্ধরসেহি — গন্ধে ও রসে, আম পক্কানি — আম ঈষৎ পাকা; অম্বফল সদিসানি — আমের ন্যায়, খাদিতানি — খাওয়া মাত্র, হলাহলবিসং — হলাহলবিষ, বিয — মত; তংখনং এব — সেই মুহূর্তেই; জীবিতক্খযং — মৃত্যু; পাপেতি — ঘটায়; পুরতো — সম্মুখভাগে, গচ্ছন্তা — যারা যাচ্ছিল তারা; একচ্চে — কয়েকজন; লোলপুরিসা — লোভী ব্যক্তি; অম্ব'ন্তি — এই; সঞ্ঞায — মনে করে; খাদিংসু — খেয়ে ছিল; সত্থবাহং — দলপতিকে, পুচ্ছিত্বা — জিজ্ঞাসা করে, খাদিস্সামা'তি — খাব, হত্থেন — হাতে, গহেত্বা — নিয়ে, অট্ঠংসু — অপেক্ষা করে রইল, আগতে — আসলে, অয্য — মহাশয়, ইমানি — এগুলো; খাদামা'তি — খাব কিনা; পুচ্ছিংসু — জিজ্ঞাসা করেছিল

নাযং — এ নয়, অম্বরুক্খো'তি — আমগাছ, ঞত্বা — জেনে, মা খাদিত্থা'তি — খেও না বলে, বারেত্বা — বারণ করে, যে — যারা, খাদিংসু — খেয়েছিল, তেসং — তাদেরকে, বমাপেত্বা — বমন করে, চতুমধুরং — চার প্রকার মিষ্ট দ্রব্য; পাযেত্বা — পান করিয়ে; আরোগে — সুস্থ, অকাসি — করেছিলেন

ইমস্মিং — এই, রুক্খমূলে — বৃক্ষমূলে, মনুস্সা — লোকেরা; নিবাসং — আশ্রয়, কপ্পেত্বা — গ্রহণ করে, অম্বফলানী'তি — আম মনে করে; জীবিতক্খযং — মৃত্যু; পাপুণন্তি — লাভ করত, পুনদিবসে — পরদিন; নিক্খামিত্বা — বের হয়ে; মতমনুস্সে — মৃতলোকদেরকে দিস্বা — দেখে পাদে — পায়ে, গণ্হিত্বা — ধরে; পটিচ্ছন্নট্ঠানে — গোপন স্থানে।

সারাংশ :

বারাণসীরাজ ব্রহ্মদত্তের সময় বোধিসত্ত্ব শ্রেষ্ঠীকুলে জন্মগ্রহণ করেছিলেন। তিনি পাঁচশত শকট নিয়ে বাণিজ্য করতেন। একদিন এক বনের প্রবেশ পথে দাঁড়িয়ে সঙ্গীদের বললেন— এখানে বিষবৃক্ষ আছে। তোমরা আমাকে জিজ্ঞেস না করে কোন ফল খেও না। দেখতে ঠিক আমের মত। সঙ্গীদের মধ্যে যারা আগে ছিল তাদের মধ্যে যারা লোভী কিম্পক্কফল খেয়ে ফেলল। অন্যরা মালিককে জিজ্ঞেস করে খাব — এই মনে করে হাতে নিয়ে অপেক্ষা করল।

বোধিসত্ত্ব জানতে পারলেন এটি আম্রবৃক্ষ নয় – কিম্পল বৃক্ষ। যারা খেয়েছিল তাদেরকে ঔষধ দিয়ে বমন করাল সুস্থ হয়ে গেল।

ইতিপূর্বে বণিকেরা যারা যেত তারা কিম্পল নামে বিষফল খেয়ে মারা যেত পরদিন স্থানীয় গ্রামবাসী এসে তাদের গোপন স্থানে ফেলে দিত জিনিসপত্র, টাকা পয়সা শকট নিয়ে যেত সেদিনও গ্রামবাসী তাড়াতাড়ি এসে বোধিসত্ত্ব এবং তাঁর সঙ্গীদের জীবিত দেখে আশ্চর্য হয়ে গেল তারা নিরাশ হয়ে বোধিসত্ত্বকে জিজ্ঞেস করল - আপনি কী করে জানতে পারলেন, এটি আম্রবৃক্ষ নয়; কিম্পলফল বৃক্ষ উত্তরে তিনি বললেন–

গ্রামের পাশে এত সুন্দর বৃক্ষ এতে ওঠা কষ্টসাধ্য নয়

তাছাড়া, ফলভারে শাখা নুয়ে পড়েছে যদি সুমিষ্ট আম্রফল হত তাহলে গ্রামবাসীরা খেয়ে ফেলত

বোধিসত্ত্ব সমবেত লোকজনকে ধর্মোপদেশ দিয়ে যথাস্থানে চলে গেলেন

উপদেশ

লোভে পাপ, পাপে মৃত্যু।

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১ উপদেশসহ ফল জাতকটি তোমার নিজের ভাষায় লেখ

২ ফল জাতকে প্রদত্ত বোধিসত্ত্বের ভাষণ সংক্ষেপে বিবৃত কর

(খ) সংক্ষেপে উত্তর দাও :

১ বোধিসত্ত্বের বাণিজ্যযাত্রার সংক্ষিপ্ত পরিচয় দাও।

২ বোধিসত্ত্বের সাথে গ্রামবাসীর কথোপকথনের ভাবার্থ লিপিবদ্ধ কর

(গ) শূন্যস্থান পূরণ কর :

১। নাযং রুকখো —— ন পি গামতো ——,

আকারেন —— নাযং সাধুফলদুমো'তি

মহাজনস্স —— দেসেত্বা সোত্থিগমনং ——।

(ঘ) সঠিক উত্তরে টিক ($\surd$) চিহ্ন দাও :

১। বোধিসত্ত্ব কতশত শকট নিয়ে বাণিজ্য করতেন?

ক. চারশত খ. পাঁচশত

গ. ছয়শত ঘ. সাতশত

২। বনের ধারে অবস্থিত বিষবৃক্ষটির নাম কী?

ক. আম্রবৃক্ষ খ. জামবৃক্ষ

গ. কাঁঠালবৃক্ষ ঘ. কিম্পক্কবৃক্ষ

৩। যারা বিষফল খেয়েছিল তাদেরকে বোধিসত্ত্ব কী করলেন?

ক. সৎকার করলেন খ. নদীতে ভেসে দিলেন

গ. ঔষধ দিয়ে সুস্থ করলেন ঘ. দাহ করলেন

৪। কিম্পক্ক বিষফল দেখতে কিরূপ?

ক কিম্পক্ক ফল খ আম্রফল

গ. রম্ভাফল ঘ. জম্বুফল

তৃতীয় অধ্যায়

ধম্মপদট্ঠ কথা

কোসম্বক বত্থু

কোসম্বিয়া হি ঘোসিতারামে পঞ্চসত পঞ্চসত পরিবার দ্বে ভিকখূ বিহরিংসু বিনয়ধরো চ ধম্মকথিকো চাতি তেসু ধম্মকথিকো একদিবসং সরীরবলঞ্জং কত্বা উদককোট্ঠকে আচমনউদকাবসেসং ভোজনে ঠপেত্বা নিকখমি, পচ্ছা বিনয়ধরো তত্থ পবিট্ঠো তং উদকং দিস্বা নিকখমিত্বা ইতরং পুচ্ছি "আবুসো, তয়া উদকং ঠপিতং"তি?

"আম আবুসো"তি

"কিং পনেত্থ আপত্তিভাবং ন জানাসী"তি?

"আম ন জানামী"তি

"হোতাবুসো, এত্থ আপত্তী"তি।

"তেন হি পটিকরিস্সামি নং"তি।

"সচে পন তে আবুসো, অসঞ্চিচ্চ অসতিয়া কতং, নত্থি আপত্তী"তি।

সো তস্স আপত্তিয়া অনাপত্তিদিট্ঠি অহোসি বিনয়ধরোপি অত্তনো নিস্সিতকানং "অয়ং ধম্মকথিকো আপত্তিং আপজ্জমানোপি ন জানাতী"তি আরোচেসি তে তস্স নিস্সিতকে দিস্বা "তুম্হাকং উপাজ্ঝায়ো আপত্তিং আপজ্জিত্বাপি আপত্তিভাবং ন জানাতী"তি আহংসু তে গন্ত্বা অত্তনো উপাজ্ঝায়স্সারোচেসুং

সো এবমাহ "অয়ং বিনয়ধরো পুব্বে অনাপত্তী"তি বত্বা ইদানি আপত্তী"তি বদতি, মুসাবাদী এসো"তি

তে গন্ত্বা "তুম্হাকং উপজ্ঝায়ো মুসাবাদী"তি আহংসু। এবং অঞ্ঞমঞ্ঞং কলহং বড্ঢয়িংসু

ততো বিনয়ধরো ওকাসং লভিত্বা ধম্মকথিকস্স আপত্তিয়া অদস্সনে উক্খেপনীয়কম্মং অকাসি ততো পট্ঠায তেসং পচ্চয়দায়কা উপট্ঠাকাপি দ্বে কোট্ঠাসা অহেসুং। ওবাদপটিগ্গাহকা ভিকখুনিয়া পি আরকখকদেবতাপি সন্দিট্ঠ সম্ভত্তা আকাসট্ঠা দেবতাপী"তি যাব ব্রহ্মলোকা সব্বে পুথুজ্জনা দ্বে পক্খা অহেসুং চাতুমহারাজিকং আদিং কত্বাযাব অকনিট্ঠভবনা পনীদং কোলাহলং অগমাসি

অথকো অঞ্ঞতরো ভিকখু তথাগতং উপসংকমিত্বা উক্খেপকানং ধম্মি কেনেবায়ং কম্মেন উকখিত্তো, উকখিত্তানুবত্তকানং অধম্মিকেন কম্মেন উকখিত্তোতি লদ্ধিং উক্খেপকেহি বারিযমানানম্পি চ তেসং তং অনুপরিবারেত্বা বিচরণভাবং আরোচেসি।

ভগবা "সমগ্গা কির হোন্তু"তি দ্বে বারে পেসেত্বা 'নিচ্ছন্তি ভন্তে, সমগ্গা ভবিতুং'তি সুত্বা ততিযবারে "ভিন্নো ভিকখুসঙ্ঘো, ভিন্নো ভিকখুসঙ্ঘো'তি তেসং সন্তিকং গন্ত্বা উক্খেপকানং উকখেপনে ইতরেসঞ্চ আপত্তিয়া অদস্সনে আদীনবং কথেত্বা পুন তেসং তত্থেব একসীমায উপোসথাদীহি অনুজানিত্বা ভত্তগ্গাদীসু ভণ্ডনজাতানং আসনন্তরিকায নিসীদিতব্বন্তি ভত্তগ্গে বত্তং পঞ্ঞপেত্বা "ইদানি ভণ্ডনজাতা বিহরন্তী"তি সুত্বা

তত্থ গন্ত্বা "অলং ভিক্খবে, মা ভণ্ডন"ন্তি আদীনি বত্বা "ভিক্খবে, ভণ্ডন কলহ, বিগ্গহ নামাতে বিবাদা অনত্থকারকা, কলহং নিস্সায হি লটুকিকাপি সকুণিকা হত্থিনাগং জীবিতক্খযং পাপেসী"তি লটুকিক জাতকং কথেত্বা "ভিক্খবে, সমগ্গা হোথ মা বিবদথ, বিবাদং নিস্সায হি অনেকসহস্স বট্টকা জীবিতক্খযং পত্তা"তি বট্টকাজাতকং কথেসি।

এবম্পি তেসু ভগবতো বচনং অনাদিযন্তেসু অঞ্ঞতরেন ধম্মবাদিনা তথাগতস্স বিহেসং অনিচ্ছন্তেন "আগমেতু ভন্তে ভগবা ধম্মস্সামি, অপ্পোস্সুক্কো ভন্তে ভগবা, দিট্ঠধম্ম সুখবিহারমনুযুত্তো বিহরতু, মযমেতেন ভণ্ডনেন কলহেন বিগ্গহেন বিবাদেন পঞ্ঞাযিস্সামা"তি বুত্তে অতীতং আহরি ঃ

"ভূতপুব্বং ভিক্খবে, বারাণসিযং ব্রহ্মদত্তো নাম কাসিরাজা অহোসী"তি ব্রহ্মদত্তেন দীঘীতিস্স কোসলরঞ্ঞো রজ্জং অচ্ছিন্দিত্বা অঞ্ঞাতকবেসেন বসন্তস্স পিতুনো মারিতভাবঞ্চেব দীঘাযুকুমারেন অত্তনো জীবিতে দিন্নে ততো পট্ঠায তেসং সমগ্গভাবঞ্চ কথেত্বা তেসং হি নাম ভিক্খবে, রাজূনং আদিন্নদণ্ডানং আদিন্নসত্থানং এবরূপং খন্তিসোরচ্চং ভবিস্সতি ইধ খো তং ভিক্খবে, সোভেথ যং তুম্হে এবং স্বাক্খাতে ধম্মবিনযে পব্বজিতা সমানা খমা চ ভবেয্যাথ সোরতা চা"তি ওবদিত্বাপি নেব তে সমগ্গে কাতুং সক্খি

সো তায আকিণ্ণবিহারতায উক্কণ্ঠিতো "অহং খো ইদানি আকিণ্ণো দুক্খং বিহরামি, ইমে চ ভিক্খূ মম বচনং ন করোন্তি, যন্নূনাহং এককোব গণম্হা বূপকট্ঠো বিহরেয্য"ন্তি চিন্তেত্বা কোসম্বিযং পিণ্ডায চরিত্বা অনপলোকেত্বা ভিক্খুসংঘং এককোব অত্তনো পত্তচীবরমাদায বালকলোণকারামং গন্ত্বা তত্থ ভগুত্থেরস্স একচারিকবত্তং কথেত্বা পাচীনবংস মিগদাযে তিণ্ণং কুলপুত্তানং সামগ্গিরসানিসংসং কথেত্বা যেন পালিলেয্যকং তেন অবসরি। তত্রসুদং ভগবা পালিলেয্যকং উপনিস্সায রক্খিতবনসণ্ডে ভদ্দসালমূলে পালিলেয্যকেন হত্থিনা উপট্ঠহিযমানো ফাসুকং বস্সাবাসং বসি।

কোসম্বিবাসিনোপি খো উপাসকা বিহারং গন্ত্বা সত্থারং অপস্সন্তা "কহং ভন্তে, সত্থা"তি পুচ্ছিত্বা–

"পালিলেয্যকবনসণ্ডং গতো"তি।

"কিং কারণা"তি?

"অম্হে সমগ্গে কাতুং বাযমি, মযং পন সমগ্গা নাহুম্হা"তি

"কিং ভন্তে, তুম্হে সত্থুসন্তিকে পব্বজিত্বা তস্মিং সামগ্গিং করোন্তে সমগ্গা নাহুবত্থা"তি।

"এবমাবুসো"তি।

মনুস্সা ইমে সত্থুসন্তিকে পব্বজিত্বা তস্মিং সামগ্গিং করোন্তেপি সমগ্গা ন জাতা, মযং ইমে নিস্সায সত্থারং দট্ঠুং ন লভিম্হ, ইমেসং নেব আসনং দস্সাম ন অভিবাদনাদীনি করিস্সামা"তি

তে ততো পট্ঠায তেসং সামীচিমত্তম্পি ন করিংসু তে অপ্পাহারতায সুস্সমানা কতিপাহেনেব উজুকা হুত্বা অঞ্ঞমঞ্ঞং অচ্চযং দেসেত্বা খমাপেত্বা "উপাসকা, মযং সমগ্গা জাতা, তুম্হেপি নো পুরিমসদিসা হোথা"তি আহংসু।

"খমাপিতো পন বো ভন্তে, সত্থা"তি?

"ন খমাপিতো আবুসো"তি।

"তেন হি সত্থারং খমাপেথ, সত্থু খমাপিতকালে মযম্পি তুম্হাকং পুব্বসদিসা ভবিস্সামা"তি

তে অত্তানসস্তাবেন সত্থু সন্তিকং অবিসহন্তা দুক্খেন তং অন্তোবস্সং বীতিনামেসুং সত্থা পন তেন হত্থিনা উপট্ঠহিযমানো সুখং বসি।

সোপি হি হত্থিনাগো গণম্পহায ফাসুবিহারত্থাযেব তং বনসণ্ডং পাবিসি।

যথাহ–অহং খো আকিণ্ণো বিহরামি হত্থীহি হত্থিনীহি হত্থিকলভেহি হত্থিচ্ছাপেহি, ছিন্নগ্গানি চেব তিণানি খাদামি, ওভগ্গোভগ্গঞ্চ মে সাখাভঙ্গং খাদন্তি, আবিলানি চ পানীযানি পিবামি ওগাহন্তস্স চ মে উত্তিণ্ণস্স হত্থিনিযো কাযং উপনিঘংসন্তিযো গচ্ছন্তি যন্নূনাহং একোব গণম্হা বূপকট্ঠো বিহরেয্যং"তি

অথ খো সো হত্থিনাগো যূথা অপক্কম্ম যেন পারিলেয্যকং রক্খিতবনসণ্ডং ভদ্দসালমূলং যেন ভগবা তেনুপসংকমি উপসংকমিত্বা পন ভগবন্তং বন্দিত্বা ওলোকেন্তো অঞ্ঞং কিঞ্চি অদিস্বা ভদ্দসালমূলং পাদেন পহরন্তো তচ্ছেত্বা সোণ্ডায সাখং গহেত্বা সম্মজ্জি ততো পট্ঠায সোণ্ডায ঘটং গহেত্বা পানীযং পরিভোজনীযং উপট্ঠাপেতি, উণ্হোদকেন অত্থে সতি উণ্হোদকং পটিযাদেতি। কথং? হত্থেন কট্ঠানি ঘংসিত্বা অগ্গিং পাতেতি, তত্থ দারূনি পক্খিপন্তো জালেত্বা তত্থ তত্থ পাসাণে পচিত্বা দারুদণ্ডকেন পবট্টেত্বা পরিচ্ছিন্নায খুদ্দকসোণ্ডিযং খিপতি, ততো হত্থং ওতারেত্বা উদকস্স তত্তভাবং জানিত্বা গন্ত্বা সত্থারং বন্দতি সত্থা "উদকং তে তাপিতং পারিলেয্যা"তি বত্বা তত্থ গন্ত্বা নহাযতি অথস্স নানাবিধানি ফলানি আহরিত্বা দেতি

যদা পন সত্থা গামং পিণ্ডায পবিসতি, তদা সত্থু পত্তচীবরমাদায কুম্ভে পতিট্ঠাপেত্বা সত্থারা সদ্ধিংযেব গচ্ছতি, সত্থা, গামূপচারম্পত্বা "পারিলেয্য, ইতো পট্ঠায তযা গন্তুং ন সক্কা আহর মে পত্তচীবরং"তি আহরাপেত্বা গামং পবিসতি সো পি যাব সত্থু নিক্খমনা তত্থেব ঠত্বা সত্থু আগমনকালে পচ্চুগ্গমনং কত্বা পুরিমনযেনেব পত্তচীবরং গহেত্বা বসনট্ঠানে ওতারেত্বা বত্তং দস্সেত্বা সাখায বীজতি রত্তিং বালমিগপরিপন্থ নিবারণত্থং মহন্তং দণ্ডং সোণ্ডায গহেত্বা "সত্থারং রক্খিস্সামী"তি যাব অরুণুগ্গমনা বনসণ্ডস্স অন্তরন্তরে বিচরতি

ততো পট্ঠাযেব কির সো বনসণ্ডো "রক্খিতবনসণ্ডো নাম জাতো"তি অরুণে উগ্গতে মুখোদকদানং আদিং কত্বা তেনেব উপাযেন সব্ববত্তানি করোতি।

অথেকো মক্কটো তং হত্থিং উট্ঠায সমুট্ঠায দিবসে তথাগতস্স অভিসমাচারিকং করোন্তং দিস্বা "অহম্পি কিঞ্চিদেব করিস্সামী"তি বিচরন্তো একদিবসং নিম্মক্খিকং দণ্ডকমধুং দিস্বা দণ্ডকং ভঞ্জিত্বা দণ্ডকেনেব সদ্ধিং মধুপটলং সত্থু সন্তিকং আহরিত্বা কদলিপত্তং ছিন্দিত্বা তত্থ ঠপেত্বা অদাসি সত্থা গণ্হি মক্কটো 'করিস্সতি নু খো পরিভোগং ন করিস্সতী'তি ওলোকেন্তো গহেত্বা নিসিন্নং দিস্বা কিন্নু খো'তি চিন্তেত্বা দণ্ডকোটিযং গহেত্বা পরিবত্তেত্বা উপধারেন্তো অণ্ডকানি দিস্বা তানি সণিকং অপনেত্বা অদাসি সত্থা পরিভোগমকাসি সো তুট্ঠমানসো তং তং সাখং গহেত্বা নচ্চন্তো অট্ঠাসি অথস্স গহিতসাখাপি অক্কন্তসাখাপি ভিজ্জি সো একস্মিং খাণুকমত্থকে পতিত্বা নিব্বিদ্ধগত্তো সত্থরি পসন্নেনেব চিত্তেন কালং কত্বা তাবতিংসভবনে তিংসযোজনিকে কনকবিমানে নিব্বত্তি, অচ্ছরাসহস্সপরিবারো অহোসি

তথাগতসস তথ হত্থিনাগেন উপট্ঠিযমানসস বসনভাবো সকল জম্বুদীপে পকটো অহোসি সাবত্থিনগরতো অনাথপিণ্ডিকো বিসাখা মহাউপাসিকাতি এবমাদীনি মহাকুলানি আনন্দত্থেরসস সাসনং পহিণিংসু– "সত্থারং নো ভন্তে, দসসেথা" দিসাবাসিনো পি পঞ্চসতা ভিকখূ বুত্থবসসা আনন্দত্থেরং উপসংকমিত্বা "চিরসসুতা নো আনন্দ, ভগবতো সম্মুখা ধম্মিকথা সাধু মযং আবুসো আনন্দ লভেয্যাম ভগবতো সম্মুখা ধম্মিকথং সবণাযা"তি যাচিংসু থেরো তে ভিকখূ আদায তথ গনত্বা "তেমাসং একবিহারিনো তথাগতসস সন্তিকং এত্তকেহি ভিকখূহি সদ্ধিং উপসংকমিতুং অযুত্তন্তি" চিন্তেত্বা তে ভিকখূ বহি ঠপেত্বা এককো সত্থারং উপসংকমি

পারিলেয্যকো তং দিস্বা দণ্ডমাদায পকখন্দি। সত্থা ওলোকেত্বা "অপেহি পারিলেয্যক, মা বারযি বুদ্ধুপট্ঠাকো এসো"তি আহ সো তত্থেব দণ্ডং ছড্ডেত্বা পত্তচীবর পটিগ্গহণং আপুচ্ছি থেরো ন অদাসি নাগো "সচে উগ্গহিতবত্তো ভবিসসতি সত্থু নিসীদন পাসাণফলকে পরিকখা ন ঠপেতী"তি চিন্তেসি থেরো পত্তচীবরং ভূমিযং ঠপেসি "বত্তসম্পন্নাহি গরূনং আসনে বা সযনে বা অত্তনো পরিকখারং ন ঠপেন্তি" থেরো সত্থারং বন্দিত্বা একমন্তং নিসীদি সত্থা "এককোব আগতোসী"তি পুচ্ছিত্বা পঞ্চসতেহি ভিকখূহি সদ্ধিং আগতভাবং সুত্বা "কহং পন তে"তি বত্বা—

"তুমহাকং চিত্তং অজানন্তো বহিঠপেত্বা আগতোমহী"তি বুত্তে-"পক্কোসাহি নে"তি আহ

থেরো তথা অকাসি।

সত্থা তেহি সদ্ধিং পটিসন্থারং কত্বা তেহি ভিকখূহি "ভন্তে, ভগবাহি বুদ্ধসুকুমালো চেব খত্তিযসুকুমালো চ, তুমহেহি তেমাসং এককেহি তিট্ঠন্তেহি নিসীদন্তেহি চ দুক্করং কতং, বত্তপটিবত্তকারকোপি মুখোদকাদি দাযকোপি নাহোসি মঞ্ঞে"তি বুত্তে "ভিকখবে, পারিলেয্যকহত্থিনা মম সব্বকিচ্চানি কতানি, এবরূপং হি সহাযকং লভন্তেন একতো বসিতুং যুত্তং, অলভন্তসস একচারিকভাবোব সেয্যো"তি বত্বা ইমা নাগবগ্গে তিসসো গাথা অভাসি।

> "সচে লভেথ নিপকং সহাযং সদ্ধিং চরং সাধু বিহারী ধীরং,
>
> অভিভুয্য সব্বানি পরিসসযানি চরেয্য তেনত্তমনো সতীমা"
>
> "নো চে লভেথ নিপকং সহা সদ্ধিং চরং সাধু বিহারি ধীরং,
>
> রাজাব রট্ঠং বিজিতং পহায একোচরে মাতঙ্গরঞ্ঞেব নাগো"
>
> "একসস চরিতং সেয্যো নত্থি বালে সহাযতা
>
> একোচরে ন চ পাপানি কযিরা
>
> অপ্পোসসুক্কো মাতঙ্গরঞ্ঞেব নাগো"তি।

গাথাপরিযোসানে পঞ্চসতাপি তে ভিকখূ অরহত্তে পতিট্ঠহিংসু

আনন্দত্থেরো অনাথপিণ্ডিকাদীহি পেসিতং সাসনং আরোচেত্বা "ভন্তে অনাথপিণ্ডিকপমুখা পঞ্চ অরিযসাবক কোটিযো তুমহাকং আগমনং পচ্চাসিংসন্তী"তি আহ।

২০২৪

পত্তচীবরং গহেত্বা নিকখমি নাগো গন্ত্বা মগ্গে তিরিযং অট্ঠাসি "কিং করোতি ভন্তে, নাগো"তি?

তুম্হাকং ভিকখবে, ভিকখং দাতুং পচ্চাসিংসতি। দীঘরত্তং খো পনাযং মযহং উপকারকো, নাস্স চিত্তং কোপেতুং বট্টতি, নিবত্তথ ভিকখবে"তি।

সত্থা ভিকখু গহেত্বা নিবত্তি, হত্থীপি, বনসণ্ডং পবিসিত্বা পনসকদলিফলাদীনি নানাফলানি সংহরিত্বা রাসিং কত্বা পুনদিবসে ভিকখুনং অদাসি পঞ্চসতা ভিকখুসব্বানি খেপেতুং নাসকখিংসু ভত্তকিচ্চপরিযোসানে সত্থা পত্তচীবরং গহেত্বা নিকখমি নাগো ভিকখুনং অন্তরন্তরেন গন্ত্বা সত্থুপুরতো তিরিযং অট্ঠাসি

"কিং করোতি ভন্তে, নাগো"তি?

"অযং ভিকখবে, তুম্হে পেসেত্বা মং নিবত্তেতী"তি

অথ নং সত্থা 'পারিলেয্য, ইদং মম অনিবত্তনীয গমনং,

তব ইমিনা অত্তভাবেন ঝানং বা বিপস্সনং বা মগ্গফলং বা নত্থি, তিট্ঠত্তুং" আহ।

তং সুত্বা নাগো মুখে সোণ্ডং পকখিপিত্বা রোদন্তো পচ্ছতো পচ্ছতো অগমাসি যো হি সত্থারং নিবত্তেতুং লভন্তো তেনেব নিযামেন যাবজীবং পটিজগ্গেয্য সত্থা পন গামূপচারম্পত্বা—পারিলেয্য, ইতো, পট্ঠায তব অভূমি, মনুস্সাবাসা সপরিপন্থা, তিট্ঠত্তুং"তি আহ সো রোদমানো তত্থেব ঠত্বা সত্থরি চকখুপথং বিজহন্তে বিজহন্তে হদযেন ফলি তেন কম্মং কত্বা সত্থরি পসাদেন তাবতিংসভবনে তিংসযোজনিকে কনকবিমানে অচ্ছরা সহস্সমজ্ঝে নিব্বত্তি পারিলেয্যক দেবপুত্তো যেবস্স নামং অহোসি।

সত্থাপি অনুপুব্বেন জেতবনং অগমাসি কোসম্বকা ভিকখু সত্থা কির সাবত্থিং আগতোতি সুত্বা সত্থারং খমাপেতু তত্থ অগমংসু কোসলরাজা তে কির কোসম্বকা ভণ্ডনকারকা ভিকখু আগচ্ছন্তী"তি সুত্বা সত্থারং উপসংকমিত্বা 'অহং ভন্তে, তেসং মম বিজিতং পবিসিতুং ন দস্সামী'তি আহ।

'মহারাজ, সীলবন্তা তে ভিকখু, কেবলং অঞঞমঞঞং বিবাদেন মম বচনং ন গণ্হিংসু ইদানি মং খমাপেতুং আগচ্ছন্তি, হন্দ মহারাজা"তি।

অনাথপিণ্ডিকোপি 'অহং তেসং বিহারং পবিসিতুং ন দস্সামী'তি বত্বা তথেব ভগবতা পটিকখিত্তো তুণ্হী অহোসি।

সাবত্থিযং অনুপ্পত্তানং পন তেসং ভগবা একমন্তে বিবিত্তং কারাপেত্বা সেনাসনং দাপেসি অঞঞে ভিকখু তেহি সদ্ধিং নেব একতো নিসীদন্তি ন তিট্ঠন্তি আগতাগতাসত্থারং পুচ্ছন্তি—'কহং ভন্তে ভণ্ডনকারকা কোসম্বকা ভিকখূ'তি?

সত্থা—'এতেতি দস্সেতি।

তে-"এতে চ এতে কিরা"তি আগতাগতেহি অঙ্গুলিযা দস্সিযমানা লজ্জায সীসং উকখিপিতুং অসক্কোন্তা ভগবতো পাদমূলে নিপজ্জিত্বা ভগবন্তং খমাপেসুং।

সত্থা–"ভারিযং বো ভিক্খবে, কতং তুম্হে নাম মাদিসস্স বুদ্ধস্স সন্তিকে পব্বজিত্বা মযি সামগ্গিং করোন্তে মম বচনং ন করিত্থ, পোরাণক পণ্ডিতাপি বজ্ঝপ্পত্তানং মাতাপিতূনং ওবাদং সুত্বা তেসু জীবিতা বোরো-পিযামানেসুপি তং অনতিক্কমিত্বা পচ্ছা দ্বীসু রট্ঠেসু রজ্জং কারযিংসূ"তি বত্বা পুনদেব কোসম্বকজাতকং কথেত্বা 'এবং ভিক্খবে দীঘাবুকুমারো মাতাপিতূসু জীবিতা বোরোপিযমানেসুপি তেসং ওবাদং অনতিক্কমিত্বাপচ্ছা ব্রহ্মদত্তস্স ধীতরং লভিত্বা দ্বীসু কাসিকোসলরট্ঠেসু রজ্জং কারেসি তুম্হেহি পন মম বচনং অকরোন্তেহি ভারিযং কতং'তি বত্বা ইমং গাথমাহ–

> পরে চ ন বিজানন্তি মযমেত্থ যমামসে,
> যে চ তত্থ বিজানন্তি ততো সম্মন্তি মেধগা'তি

তত্থ 'পরে'তি পণ্ডিতে ঠপেত্বা ততো অঞ্ঞে ভণ্ডনকারকা পরে নাম, তে তত্থ সঙ্ঘ মজ্ঝে কোলাহলং করোন্তা মযং যমামসে উপরমাম নস্সাম সততং সমিতং, মচ্চু সন্তিকং গচ্ছামা'তি ন জানন্তি" 'যে চ তত্থ বিজানন্তী'তি–যে তত্থ পণ্ডিতা 'মযং মচ্চুসমীপং গচ্ছামা'তি বিজানন্তি

'ততো সম্মন্তি মেধগা'তি – এবং হি তে জানন্তা যোনিসো মনসিকারং উপ্পাদেত্বা মেধগানং কলহানং বূপসমায পটিপজ্জন্তি, অথ নেসং তায পটিপত্তিযা তে মেধগা সম্মন্তী'তি

অথ বা "পরে চা'তি পুব্বে মযা ভিক্খবে ভণ্ডনং"তি আদীনি বত্বা ওবাদিযমানাপি মম ওবাদস্স অপটিগ্গহণেন অনামকা পরে নাম, মযং ছন্দাদিবসেন মিচ্ছাগাহং গহেত্বা এত্থ সঙ্ঘমজ্ঝে যমামসে ভণ্ডনাদীনং বুদ্ধিযা বাযমামা'তি ন বিজানন্তি, ইদানি পন যোনিসো পচ্চবেক্খমানা তত্থ তুম্হাকং অন্তরে যে পণ্ডিত পুরিসা পুব্বে মযং ছন্দাদিবসেন বাযমন্তা অযোনিসো পটিপন্না"তি বিজানন্তি, ততো তেসং সন্তিকা তে পণ্ডিতপুরিসো নিস্সায ইমে ইদানি কলহসংখাতা মেধগা সম্মন্তী'তি অযমেত্থ অত্থো'তি

গাথা পরিযোসানে সম্পত্তভিক্খু সোতাপত্তি ফলাদীসু পতিট্ঠহিংসূ'তি।

শব্দার্থ

বিহারিংসু – বাস করতেন; সরীরবলঞ্জং – মলত্যাগ, ভাজনে – জলাধারে; পবিট্ঠো – প্রবেশ করে; নিক্খমিত্বা – নিষ্ক্রান্ত হয়ে, ইতরং – কনিষ্ঠ, পটিকরিস্সামি – প্রতিকার করব, অসতিযা – অজ্ঞাতসারে; অনাপত্তিহোতী – আপত্তি নয়; আপজ্জমানো – আপত্তিগ্রস্ত, উপজ্ঝাযস্সারোচেসুং – উপাধ্যায়কে বললেন; উক্খেপনীযকম্মং – উক্ষেপনীয় দণ্ডকর্ম; ততো পট্ঠায – সে থেকে, ওবাদ পটিগ্গাহকা – ধর্মোপদেশ শ্রবণকারী, সন্দিট্ঠ – দ্বিধাগ্রস্ত; পমীদং – পর্যন্ত, উক্খিত্তানুবত্তনং – বর্জনকারীরা বর্জন করলে; সমগ্গা – সম্মিলিত; নইচ্ছন্তি – ইচ্ছা করে না; সন্তিকং – নিকেট; আদীনবং – কুফল; আপত্তিযা – দোষসমূহ; অনুজানিত্বা – আজ্ঞা করে, নিসিদিকন্তি – উপবেশন করিয়ে দেন, অলং – নিস্প্রয়োজন, অনত্থকারকা – অনর্থকর; নিস্সায – জন্য; জীবিতক্খযং পত্তা – জীবনক্ষয় হয়েছিল, পঞ্ঞাযিস্সাম – ফল দেখাব; ভূতপুব্বং – পূর্বকালে; অচ্ছিন্দিত্বা – ছেদ করে; অঞ্ঞাতকবেসেন – অজ্ঞাতবাসের সময়; অদিন্নদণ্ডানং – ন্যায়দণ্ডধারী, সোরোতা – সহৃদয়, সমগ্গা নাহুবত্থ – মিলন না, ন অভিবাদনাদীনি করিস্সাম – অভিবাদনাদি করব না, অপ্পাহারতায সুস্সমানা – অল্পাহার হেতু শুকাতে লাগল; ছিন্নগ্গানি – ছিন্নাগ্র, অগ্রভাগ ছিন্ন;

ওগাহিত্তস্স — স্নান করার সময়; রক্খিতবনসণ্ডং — ঘনবনাংশে ওলোকেন্তো — অবলোকন করে দৃষ্টিপাত করে সম্মজ্জি — সমান করে দিল; উপট্ঠপেতি — এনে দিত; অত্থে সতি — প্রয়োজন হলে; উণ্হোদকং পটিযাদেতি — গরম করে দিত, কট্ঠানি ঘংসিত্বা — কাষ্ঠ ঘর্ষণ করে, পবেসেত্বা — প্রবেশ করে, নিক্ষেপ করে; সাখায বীজতি — শাখার দ্বারা বাতস করত; অভিসমাচারিকং — বৃত্ত-প্রতিবৃত্ত , মক্কটো — বানর; কিন্নুখো — কারণ কী অণ্ডকানি — মৌচাক, মৌমাছির বাসা; অপনেত্বা — উঠিয়ে; হট্ঠতুট্ঠমানসো — সন্তুষ্ট হয়ে, খাণুমত্থকে — স্থাণুর ওপর, গোড়ার ওপর; নিক্খন্তগত্তো — শরীর বিদ্ধ, পাকটো অহোসি — প্রচার হয়েছিল; অযুত্তন্তি — অযুক্তিকর মনে করে; পরিক্খারং ন ঠপেন্তি — পাত্র-চীবর রাখবেন না; পক্কোসাহি — আদেশ দিলেন পটিসন্থারং কত্বা — সন্তোষজনক আলাপ করে; পটিবত্তকারকোপি ব্রত — প্রতিব্রত করার লোকপর্যন্ত, পরিসসযানি — বাধাবিঘ্ন; তেনহমনো — অতিভূত করে গণ্হাহি — গ্রহণ করুন, তিরিযং — তির্যকভাবে; আগমনং পচ্চাসিংসন্তি — আগমন প্রত্যাশা করছে, খেপেতুং ন সক্খিংসু — খেয়ে শেষ করতে পারল না, নিবত্তেতি — নিবৃত্ত করছে, যাবজীবং পটিজগ্গেযা — যাবজ্জীবন সেবা পূজা করত, বিজহন্তে বিজহন্তে — অন্তর্ধানের সঙ্গে হদযেন ফলি — হৃৎপিণ্ড বিদীর্ণ হল, অঞ্ঞমঞ্ঞ — পরস্পর; খমাপেতুং — ক্ষমা প্রার্থনার জন্য; পটিক্খিপিত্বা — প্রত্যাখ্যান করলে; লজ্জায সীসং উক্খিপিতুং অসক্কোন্তা — লজ্জায় মাথা তুলতেও না পেরে , বধপ্পত্তানং — হত্যার জন্য দণ্ডপ্রাপ্ত জীবিতা বোরোপিযমানেসুপি — হত্যা করা হলেও, ওবাদস্স অপ্পটিগ্গহণেন — উপদেশ গ্রহণ না করে

সারাংশ

কৌশাম্বীর ঘোষিতারামে একজন বিনয়ধর ও একজন ধর্মকথিক ভিক্ষু বাস করতেন তাঁদের প্রত্যেকের পাঁচশত করে শিষ্য ছিল একদিন ধর্মকথিক ভিক্ষু পায়খানায় গিয়ে জলাধারে অবশিষ্ট জল রেখে এসেছিলেন পরে বিনয়ধর ভিক্ষু গিয়ে সেই জল দেখতে পেলেন। তিনি পায়খানা থেকে বের হয়ে ধর্মকথিককে তা বিনয়সম্মত নয় বললেন ধর্মকথিক ভিক্ষু না জেনে রেখেছেন বলে উত্তর দিলেন না জেনে করলে আপত্তি হয় না এ কথা বিনয়ধর ভিক্ষু তাঁকে বললেন।

কিন্তু বিনয়ধর ভিক্ষু ধর্মকথিক ভিক্ষুর পাঁচশত শিষ্যের নিকট তা প্রকাশ করলেন। তাদের গুরুতর আপত্তি কী তা জানে না। শিষ্যরা তাদের গুরুর নিকট জিজ্ঞেস করল। তাতে ধর্মকথিক ভিক্ষু অসন্তুষ্ট হলেন যিনি প্রথমে অনাপত্তি বলেন তিনি আবার আপত্তি কী করে বলতে পারেন? তিনি ত মিথ্যাবাদী এরূপে এ বিবাদ সর্বত্র ছড়িয়ে পড়ে ভিক্ষুসংঘ দু'দলে বিভক্ত হল। দায়ক-দায়িকারাও দু'পক্ষ অবলম্বন করল দেবতারাও দ্বিধা–বিভক্ত হলেন

ভগবান বুদ্ধ তাদেরকে সম্মিলিত হওয়ার জন্য লোক পাঠালেন তিনি তিনবার চেষ্টা করেও এক করতে পারলেন না এক সাথে উপোস করতে নির্দেশ দেওয়া সত্ত্বেও করলেন না বর্তক জাতক প্রভৃতি বিচ্ছেদের অনর্থ সম্পর্কে উপদেশ দিলেন কিছুতেই কিছু হল না। তিনি দুঃখে বাস করতে লাগলেন শেষ পর্যন্ত সিদ্ধান্ত নিলেন, একাকী থাকবেন।

বুদ্ধ মিলনের উপকারিতা বিষয়ে উপদেশ দিয়ে পারিলেয্য বনের দিকে যাত্রা করলেন তিনি বনের ভেতরে ভদ্রশাল বৃক্ষমূলে বর্ষাবাস আরম্ভ করেন পারিলেয্যক হস্তী তাঁর সেবা করতেন

এদিকে কৌশম্বিকবাসী শাস্তাকে না দেখে ভিক্ষুদের ওপর অসন্তুষ্ট হলেন ভিক্ষুদের ক্ষমাশীল ও সহৃদয় হবার জন্য অনুরোধ করলেন। তাতেও ভিক্ষুদেরকে মিলানো গেল না তখন থেকে দায়ক – দায়িকারা পিণ্ড বন্ধ করে দিলেন সেবা অর্চনাদি পর্যন্ত করতেন না। ভিক্ষুরা অনাহারে শুকিয়ে গেল উপায় না দেখে শেষ পর্যন্ত ভিক্ষুগণ নিজেদের মধ্যে বিবাদ নিষ্পত্তি করলেন। বুদ্ধের নিকট ক্ষমা চেয়ে তাঁকে নিয়ে আসতে চাইলেন। কিন্তু বর্ষাবাস হেতু তাঁরা বুদ্ধের নিকট যেতে সাহস করলেন না

তসন্তি — ভয় করে, মচ্চুনো — মৃত্যু; উপমং — তুলনা; ন হনেয্য — হত্যা করবে না, ন ঘাতযে — আঘাত করবে না, সব্বেসং — সকলের; জীবিতং — জীবন; বিহিংসতি — হিংসা করে; ন লভতে — লাভ করে না; মা বোচ — বলবে না , ফরুসং — কটুকথা; কঞ্চি — কাউকে; পটিবদেয্যুং — প্রত্যুত্তরে বলবে; ফুসেয্যু — স্পর্শ করবে, নেরেসি — নীরব রাখে, সারম্ভো — বাদ বিসংবাদ; গাবো — গরু, পাচেতি — নিয়ে যায়, পাণিনং — প্রাণীগণকে; ন বুজ্ঝতি — বুঝতে পারে না; দুম্মেধো — মন্দবুদ্ধিসম্পন্ন, অগ্গিদড্ঢোব — অগ্নিদগ্ধের ন্যায়; তপ্পতি — যন্ত্রণা ভোগ করে; অপ্পদুট্ঠেসু — নিরপরাধকে; দুস্সতি — দোষী সাব্যস্ত করে, দসন্নমঞ্ঞতরং — দশবিধ অবস্থার অন্যতর; খিপ্পমেব — সহসা; গরুকং — ভীষণ যন্ত্রণা, পাপুণে — প্রাপ্ত হয়; অব্ভক্খানং — অপবাদ; পলোকিনং — বিনাশ; অবিতিণ্ণকঙ্খং — সংশয় থেকে উত্তীর্ণ হতে পারে নি যে ব্যক্তি

সারাংশ

দণ্ডকে সকলেই ভয় করে মৃত্যুভয়ে সবাই ভীত নিজের সাথে তুলনা করে কাউকে আঘাত বা হত্যা করবে না জীবন সকলের প্রিয় সকলেই সুখ চায় অন্যান্য প্রাণীও সুখ কামনা করে যে ব্যক্তি প্রাণীকে হিংসা বা আঘাত করে সে কখনো পরলোকে সুখ লাভ করে না। যিনি প্রাণীগণকে দণ্ড দ্বারা আঘাত বা হিংসা করেন না তিনি পরলোকে সুখপ্রাপ্ত হন।

কাউকে কটুকথা বলবে না সেও তোমাকে বলতে পারে ক্রোধযুক্ত বাক্য দুঃখকর দণ্ডের প্রতিদণ্ড তোমাকে স্পর্শ করবে কাঁসাকে আঘাত করলে নীরবে সহ্য করে তদ্রূপ তুমিও আঘাত নীরবে সহ্য করবে তাহলে নির্বাণ লাভ করতে পারবে।

রাখাল দণ্ডাঘাতে গোচরণভূমিতে গরু নিয়ে যায় সেরূপ জরা ও মৃত্যু প্রাণীদের আয়ুকে তাড়না করছে পাপী ব্যক্তি কুকার্যের ফল সম্পর্কে অজ্ঞ থাকে কিন্তু পরে অগ্নিদগ্ধের ন্যায় যন্ত্রণা ভোগ করে যে নিরপরাধ ব্যক্তিকে দোষী সাব্যস্ত করে সে নরকে উৎপন্ন হয় তীব্র যন্ত্রণা ভোগ করে নগ্নচর্যা, জটাধারণ, যজ্ঞ দ্বারা মানুষ পরিশুদ্ধ হতে পারে না যিনি শান্ত, দান্ত ও সর্বদা ব্রহ্মচর্য পালন করেন তিনিই প্রকৃত ব্রাহ্মণ বা শ্রমণ। বীর্যবান ও সংযত হও শীল, সমাধি ও প্রজ্ঞা অনুশীলন কর

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১. যমক বর্গের সারমর্ম তোমার নিজের ভাষায় লেখ

২ 'মনোপুব্বংগমা ধম্মা মনোসেট্ঠা মনোময়া' এ অংশটির তাৎপর্য ব্যাখ্যা কর

৩ বুদ্ধ বর্গের মূল বক্তব্য তুলে ধর।

৪ সুখো বুদ্ধানং উপপাদো সুখো সদ্ধম্মদেসনা,
সুখো সঙ্ঘস্স সামগ্গী সমগ্গানং তপো সুখো
– বুদ্ধ বর্গের আলোকে গাথাটির তাৎপর্য বিশ্লেষণ কর

৫ দণ্ড বর্গের সারাংশ লিপিবদ্ধ কর।

(খ) নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লেখ :

১ যমক বর্গের মূলভাব লেখ

২ আক্রোশ কিভাবে প্রশমিত হয়?

৩ মার কাকে পরাস্ত করতে পারে না?

৪ বুদ্ধ বর্গের মূল উপদেশগুলো সংক্ষেপে লেখ।

৫ জগতে কী কী বস্তু দুর্লভ?

৬ দণ্ডকে সকলে ভয় করে কেন?

৭ প্রকৃত শ্রমণ-ব্রাহ্মণ কারা?

(গ) শূন্যস্থান পূরণ কর :

১ যথা'গারং ——, বুট্ঠি ন —— ।
এবং —— চিত্তং —— ন সমতিবিজ্ঝতি ।

২ অলঙ্কতো চেপি —— চরেয্য
সন্তো —— নিযতো ব্রহ্মচারী,
সব্বেসু —— নিধায় ——,
সো ব্রাহ্মণো সো —— সো ভিক্খু ।

(ঘ) বাংলা অনুবাদ কর :

১ নহি বেরেন বেরানি সম্মন্তী'ধ কুদাচনং,
অবেরেন চ সম্মন্তি এস ধম্মো সনন্তনো ।

২ সব্বপাপস্স অকরণং, কুসলস্স উপসম্পদা,
সচিত্ত পরিযোদপনং এতং বুদ্ধানুসাসনং ।

৩ সব্বে তসন্তি দণ্ডস্স সব্বেসং জীবিতং পিয়ং,
অত্তানং উপমং কত্বা ন হনেয্য ন ঘাতযে ।

২০২৫

(ঙ) সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও :

১। কিসের দ্বারা শত্রুতার উপশম হয়?

ক তিক্ততা — খ. মিত্রতা
গ সরলতা — ঘ ভদ্রতা

২। সাধনাযুক্ত মনে কী প্রবেশ করতে পারে না?

ক বিষয়বাসনা — খ চিত্তসন্তুতি
গ চিত্তপ্রসাদ — ঘ একাগ্রতা

৩ শিলাময় পর্বতের সাথে কার তুলনা করা হয়েছে?

ক ইন্দ্রিয়-অসংযমী — খ ইন্দ্রিয়-সংযমী
গ কামাসক্ত — ঘ কামভোগী

৪। কোন তিনটি শ্রেষ্ঠ শরণ?

ক শ্রাবক, অর্হৎ, ভিক্ষু — খ. বৃক্ষ, বন, দেবতা
গ বুদ্ধ, ধর্ম, সংঘ — ঘ মানুষ, যক্ষ রাজা

৫। বুদ্ধ কোনটি সর্বশ্রেষ্ঠ বলেছেন?

ক স্রোতাপত্তি — খ সকৃদাগামী
গ. অনাগামী — ঘ নির্বাণ

৬। সকলের প্রিয় জিনিস কোনটি?

ক ধন — খ সম্পত্তি
গ বাড়ি — ঘ জীবন

৭। 'পসহতি' শব্দের অর্থ কী?

ক বশীভূত করে — খ দর্শন করে
গ পরিচয় করে — ঘ পূর্ণ করে

৮। 'উপসম্পদা' বলতে কী বুঝায়?

ক পরিচ্ছন্ন — খ পরিবর্তন
গ পরিপূর্ণতা — ঘ জীর্ণতা

সপ্তম অধ্যায়

চরিয়া পিটক

সস পণ্ডিত চরিযং

১ পুনাপরং যদা হোমি সসকো পবনচারিকো,
তিন পণ্ণসাকফলভক্খো পরহেঠন বিবজ্জিতো

২ মক্কটো চ সিঙ্গালো চ উদ্দপোতো চ অহং তদা,
বসাম একসামন্তা সাযং পাতো পদিস্সরে

৩ অহং তে অনুসাসামি কিরিযে কল্যাণপাপকে,
পাপানি পরিবজ্জেথ কল্যাণে অভিনিবিস্সথ।

৪ উপোসথম্হি দিবসে চন্দং দিস্বান পূরিতং,
এতেসং তত্থ আচিক্খিং দিবসো অজ্জুপোসথ।

৫ দানানি পটিযাদেথ দক্খিণেয্যস্স দাতবে,
দত্বা দানং দক্খিণেয্যং উপবস্সথ উপোসথং

৬ তে মে সাধূতি বত্বান যথাসত্তি যথাবলং,
দানানি পটিযাদেত্বা দক্খিণেয্যং গবেসিসুং

৭ অহং নিসজ্জ চিন্তেসিং দানং দক্খিণ অনুচ্ছবং,
যদি অহং লভে দক্খিণেয্যং কিং মে দানং ভবিস্সতি?

৮ ন মে অত্থি তিলা মুগ্গা মাসা বা তণ্ডুলা-ঘতং,
অহং তিণেন যাপেমি ন সক্কা তিণং দাতবে।

৯ যদি কোচি এতি দক্খিণেয্যো ভিক্খায মমসন্তিকে,
দজ্জা' হং সকং অত্তানং ন সো তুচ্ছো গমিস্সতি

১০ মম সংকপ্পং অঞ্ঞায সক্কো ব্রাহ্মণবণ্ণিনা,
আসযং মে উপগচ্ছি দানবীমংসনায মে

১১। তং অহং দিস্বান সন্তুট্ঠো ইদং বচনং অব্রুবিং;
সাধু খো'সি অনুপ্পত্তো ঘাসহেতু মম অন্তিকে

১২ অদিন্নপুব্বং দানবরং অজ্জ দস্সামি তে অহং,
তুবং সীলগুণুপেতো অযুত্তং তে পরহেঠনং।

১৩। এহি অগ্গিং পদীপেহি নানাকট্ঠে সমানয়,
অহং পচিস্সং অত্তানং পক্কং ত্বং ভক্খয়িস্সসী'তি

১৪। সাধূ'তি সো হট্ঠমনো নানাকট্ঠে সমানযি,
মহন্তং অকাসি চিতকং কত্বান অঙ্গারগব্ভকং

১৫ অগ্গিং তত্থ পদীপেসি যথা সো খিপ্পং মহা ভবে,
ফোটেত্বা রজগতে গত্তে একমন্তং উপাবিসি।

১৬। যদা মহাকট্ঠপুঞ্জো আদিত্তো ধুমং মাযতি
তদা উপ্পতিত্বা পপতিং মজ্ঝে জালসিখন্তরে

১৭ যথা সীতোদকং নাম পবিট্ঠং যস্স কস্সচি,
সমেতি দরথং পরিলাহং অস্সাদং দেতি পীতি চ।

১৮ তথেব জলিতং অগ্গিং পবিট্ঠস্স মমং তদা,
সব্বং সমেতি দরথং যথা সীতোদকং বিয।

১৯। ছবিচম্মং মংসং নহারুং অট্ঠিহদযবন্ধনং,
কেবলং সকলং কাযং ব্রাহ্মণস্স অদাসি অহং'তি

শব্দার্থ

অপরং – অন্য সময়ে; হোমি – হয়েছিলাম; সসকো – শশক, খরগোশ, পবনচারিকো – বনচর, তিণ – তৃণ, ঘাস; পণ্ণ – পত্র, সাক – শাক; ফলভক্খো – ফলভোজী পরহেঠন – পরের অনিষ্ট, বিরজ্জিত – বিরত মক্কটো বানর উদ্দপোতো ভোঁদড় চাহং এবং আমি বসামি বাস করতাম, একসামন্না একমতাবলম্বী হয়ে, সাযং – সায়াহ্নে, সন্ধ্যাবেলায় পাতো – প্রাতঃকালে; পস্সিসরে – দেখা করতাম; অনুসাসামি – উপদেশ দিতাম; কিরিযে – কাজে; পরিবজ্জেথ – ত্যাগ কর, অভিনিসসথ – আচরণ কর; দিস্বান দেখে; পূরিতং পূর্ণ, এতেসং এদেরকে; আচিক্খিং বলতাম অজ্জুপোসথো আজ উপোসথ; পটিযাদেথ সম্পাদন কর দানাদি দানকার্যাদি, দাতব্বে পাত্রে, উপবসথ পালন কর, সাধূ'তি সাধু; যথাসত্তি – যথাশক্তি; পটিযাদেত্বা – সজ্জিত করে; দক্খিণেয্যং – দানের উপযুক্ত পাত্র, গবেসিসুং – সন্ধান করেছিল; নিসজ্জ বসে, চিন্তেসিং চিন্তা করতে লাগলেন; দক্খিণঞ্জবং অতুলনীয়, যদি'হং যদি আমি অত্থি আছে মুগ্গা মুগ ডাল মাসা মাষ কলাই; তণ্ডুলা চাউল; যপেমি যাপন করি কোচি কেউ, এতি – আসে, সন্তিকে – নিকটে; সকমত্তনং – নিজদেহ; লুদ্ধো – রিক্তহস্তে, সঞ্ঞায – জেনে, ব্রাহ্মণবণ্ণেন – ব্রাহ্মণের বেশধারী, আসযং – বাসস্থানে দানবীমংসনায – দানের পরীক্ষা করবার জন্য;

অত্রবিং   বলেছিলাম অনুপম্বো   আগত; অদিন্নপুব্বন   যা পূর্বে কেউ দান করে নি; অযুত্তং   অনুচিত, এহি   আসুন, সমানয়   আনয়ন করুন; পটিসসং   পাক করব, ভক্খযিস্সসি   খাবেন, পক্কং   পাক করা হলে; হটঠমনো – আনন্দিত, চিতকং – অগ্নিকুণ্ড অঙ্গারগব্ভকং – জ্বলন্ত, আদিত্তো – প্রজ্জ্বলিত, তদুপ্পতিত্বা   তখন লাফিয়ে পপতিং   পড়েছিলাম জালসিখন্তরে   প্রজ্জ্বলিত অগ্নিশিখার মধ্যে, তথেব   সেরূপ, সমেতি   শান্ত করে দরথং   কষ্ট পরিলাহং   দাহ, অসসাদং   আরাম, বাসস্থান, সীতোদকং – শীতল জলের; হদযবন্ধনং – হৃদপিণ্ড, উপগতং – উপস্থিত; পরিচ্চজিং – দান করেছিলাম

সারাংশ

বোধিসত্ত্ব এক সময় শশকরূপে জন্মগ্রহণ করেছিলেন তিনি বানর, শৃগাল, ভোঁদরসহ একমত হয়ে বাস করতেন তাঁরা চারজন সকাল-সন্ধ্যায় একস্থানে দেখা করতেন তিনি তাদেরকে পাপকার্য পরিত্যাগ ও সৎকর্মে রত থাকার জন্য উপদেশ দিতেন পূর্ণচন্দ্র দেখে উপোসথের দিন বলে দিতেন দান দেওয়ার জন্য বলতেন তারা সাধ্য অনুযায়ী দানবস্তু সজ্জিত করে দানের উপযুক্ত পাত্র সন্ধান করছিলেন বোধিসত্ত্ব 'উত্তম' কী দান দেবেন চিন্তা করতে লাগলেন

তিনি তৃণ খেয়ে জীবনযাপন করেন অন্যান্য বন্ধুদের মত তিল, মুগ, চাউল প্রভৃতি সংগ্রহ করারও সুযোগ ছিল না তিনি শেষ পর্যন্ত নিজ দেহ দান দেওয়ার সংকল্প করলেন তাঁর সংকল্প জ্ঞাত হয়ে দেবরাজ ইন্দ্র ব্রাহ্মণের বেশ ধারণ করে তাঁর বাসস্থানে উপস্থিত হলেন।

দেবরাজ ইন্দ্রকে দেখে বোধিসত্ত্ব অত্যন্ত আনন্দিত হলেন তিনি চিন্তা করলেন শীলবান ব্রাহ্মণই দানের উপযুক্ত পাত্র ব্রাহ্মণকে কাষ্ঠ সংগ্রহ করে অগ্নি প্রজ্জ্বলিত করতে বললেন দেবরাজ ইন্দ্র আনন্দিত হয়ে কাষ্ঠ সংগ্রহ করে জ্বলন্ত অগ্নিকুণ্ড প্রস্তুত করলেন যখন কাষ্ঠপুঞ্জ ধূ ধূ করে জ্বলে উঠল তখন শশক লাফিয়ে সে জ্বলন্ত অগ্নিশিখার মধ্যে পড়লেন শশকরূপ বোধিসত্ত্ব প্রজ্জ্বলিত অগ্নিতে প্রবেশ করলেন শীতল জলে স্নান করার মত তাঁর সমস্ত যন্ত্রণার উপশম হল।

তিনি ব্রাহ্মণকে তাঁর চর্ম, অস্থি, হৃদপিণ্ডযুক্ত সমস্ত দেহ দান করেছিলেন এরূপ শ্রেষ্ঠ দান আর কেউ করে নি এটাই তাঁর দানপারমী

টীকা

চরিয়া পিটক

'চরিয়া পিটক' খুদ্দক নিকায়ের পঞ্চদশ গ্রন্থ এতে বুদ্ধের পূর্বজন্মের দশ পারমী পূরণের জন্মবৃত্তান্ত বর্ণিত আছে। মোট ৩৪টি কাহিনি এ গ্রন্থে সংকলিত হয়েছে। কাহিনিগুলো জাতকের অনুরূপ বোধিসত্ত্ব পূর্বজন্মে কোন না কোন পারমী পূরণ করেছেন। সেই দশ পারমী হল ঃ দান, শীল, নৈষ্ক্রম্য, প্রজ্ঞা, বীর্য, ক্ষান্তি, সত্য, অধিষ্ঠান, মৈত্রী ও উপেক্ষা

অকীত্তি, ধনঞ্জয়, সুদসসন গোবিন্দ, চন্দ্রকুমার শিবি সঙ্খ সসপণ্ডিত, সীলব, নাগ, ভূরিদত্ত, চম্পেয্য প্রভৃতি ৩৪ জন বুদ্ধের পূর্বজন্মের কাহিনী এ গ্রন্থে বর্ণিত হয়েছে।

চম্পেয্য নাগ চরিযং

১ পুনাপরং যদা হোমি চম্পেয্যকো মহিদ্ধিকো
তদাপি ধম্মিকো আসি সীলব্বতসমপ্পিতো।

২। তদাপি মং ধম্মচারিং উপবুট্ঠং উপোসথং,
অহিতুণ্ডিকো গহেত্বান রাজদ্বারম্হি কীলতি

৩ যং সো বণ্ণং চিন্তযতি নীলপীতং ব লোহিতং,
তস্স চিত্তানুবত্তন্তো হোমি চিন্তিত সন্নিভো

৪। থলং করেয্যং উদকং উদকম্পি থলং করে,
যদিহং তস্স পকুপ্পেয্যং খণেন ছারিকং করে

৫ যদি চিত্ত বসী হেস্সং পরিহাযিস্সামি সীলতো,
সীলেন পরিহীনস্স উত্তমত্থো ন সিজ্ঝতি।

৬। কামং ভিজ্জতু যং কাযো ইধেব বিকিরিযতু,
নেব সীলং পভিন্দেয্যং বিকিরন্তে ভুসংবিয্যা'তি

শব্দার্থ

মহিদ্ধিকো – মহাঋদ্ধিবান, চম্পেয্যকো – চম্পেয্য নামক নাগরাজ আসি – ছিলাম; সমপ্পিতো – প্রতিষ্ঠিত হয়ে, তদাপি – সে সময়ও, ধম্মচারিং – ধর্মআচরণকারী ধর্মচারী, উপবুট্ঠ – উপোসথ পালনের সময়, অহিতুণ্ডিকো সাপুড়ে, গহেত্বান ধরে নিয়ে রাজদ্বারম্হি রাজপ্রাঙ্গণে, কীলতি নৃত্য করছে; যং – যখন বণ্ণং – বর্ণ চিন্তযতি – চিন্তা করে চিত্তানুবত্তন্তো – চিত্তের অবস্থা বুঝে; চিন্তিতসন্নিভো – চিন্তার অনুবর্তী, থলং – স্থল, পকুপ্পেয্যং – ক্রোধান্বিত, খণেন – মুহূর্তের মধ্যে , ছারিকং – ভস্ম, ছাই, বসী বশীভূত হেস্সং হতাম, পরিহাযিস্সামি পরিত্যাগ করব ন সিজ্ঝতি সফল হয় না, বিকিরিযতু বিদীর্ণ হোক পভিন্দেয্যং লঙ্ঘন করে

সারাংশ

এক সময় বোধিসত্ত্ব চম্পেয্য নামক মহাঋদ্ধিসম্পন্ন নাগরাজ (সর্পরাজ) ছিলেন তিনি শীলে প্রতিষ্ঠিত হয়ে ধর্মাচরণ করতেন

একদিন তিনি উপোসথ পালন করছিলেন সে সময় এক সাপুড়ে নাগরাজকে ধরে নিয়ে রাজপ্রাঙ্গণে খেলা দেখাচ্ছিল সাপুড়ে নীল, পীত লোহিত বর্ণের কথা বললে নাগরাজ সে বর্ণ ধারণ করতেন তিনি চাইলে জলাভূমিকে শুষ্কভূমি অথবা শুষ্কভূমিকে জলাভূমিতে পরিণত করতে পারতেন নাগরাজ ছিলেন ঋদ্ধিসম্পন্ন

অসীম ক্ষমতার অধিকারী সাপুড়িয়ার প্রতি ক্রোধান্বিত হলে মুহূর্তের মধ্যে তাকে পুড়ে ছাই করে দিতে পারতেন তিনি নিজের শরীর ক্ষত বিক্ষত করেছেন তবুও শীল ভঙ্গের ভয়ে তার প্রতি ক্রোধান্বিত হন নি। শীলব্রত রক্ষার জন্যই তিনি ধৈর্য ধারণ করেছিলেন এটাই তাঁর শীল পারমী

টীকা

দান পারমী

স্বার্থ বিরহিত (হীন) দানের অনুশীলনই দান পারমী জলপূর্ণ কলসী অধোমুখি করলে জল যেমন নিঃশেষ হয় তেমনি বোধিসত্ত্ব নিঃশেষে সর্বকিছু দান করেছিলেন। তিনি স্ত্রী পুত্র দান করে, রাজত্ব ত্যাগ করে দান উপ পরমী পূরণ করেছিলেন অঙ্গ প্রত্যঙ্গ দান করে দান পারমীর পূর্ণতা সাধন করেছিলেন জীবজগতের কল্যাণার্থে এবং সর্বদুঃখ মোচনার্থে নির্বাণের পথ প্রদর্শন করে দান পরমার্থ পারমীর পূর্ণতা সাধন করেন। কুরুরাজ ধনঞ্জয়, শিবিরাজ, বেসসন্তর, শশ পণ্ডিত প্রমুখ জন্মে এরূপ উত্তম দান করে দান পারমীর পূর্ণতা লাভ করেন

শীল পারমী

শীল হল চরিত্র বিশুদ্ধির আচরণীয় নীতি প্রাণিহত্যা চুরি, ব্যভিচার, মিথ্যাকথন, মাদক দ্রব্য সেবন থেকে বিরত থাকার নামই শীল এতে চরিত্র বিশুদ্ধ হয়। শীল মানবের মুকুটস্বরূপ শীল বুদ্ধ শাসনের আদি কল্যাণ ধর্মজীবনের ভিত্তিস্তম্ভ শীলব্রতের পূর্ণতা সাধন করার জন্য সর্বপ্রকার ত্যাগ স্বীকার করতে হয়। বুদ্ধ বোধিসত্ত্ব অবস্থায় ভূরিদত্ত ও চম্পেয্য নাগরাজ চূলবোধি, মাতঙ্গ, শঙ্খপাল প্রভৃতি জন্মে শীল পারমী পূর্ণ করেন।

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১ সস পণ্ডিত চরিযং এর সারমর্ম তোমার নিজের কথায় বর্ণনা কর

২ বুদ্ধ কিভাবে দান পারমী পূরণ করেছিলেন? সস পণ্ডিত চরিযং অনুসারে লিপিবদ্ধ কর

৩ চম্পেয্য নাগ চরিযং এর মূলকথা বিবৃত কর

৪ চম্পেয্য নাগ চরিযং এর বর্ণনা অনুযায়ী বোধিসত্ত্বের শীলগুণ উল্লেখ কর

(খ) সংক্ষেপে উত্তর দাও :

১ শশ পণ্ডিত কে ছিলেন? তিনি কিভাবে সর্বশ্রেষ্ঠ দান দিয়েছিলেন?

২ চম্পেয্য নাগরাজ সাপুড়িয়ার প্রতি অক্রোধ প্রদর্শনের কারণ কী?

৩ চরিযা পিটকের বিষয়বস্তুর সংক্ষিপ্ত পরিচয় দাও

৪। সংক্ষিপ্ত টীকা লেখ :

দান পারমী, শীল পারমী।

(গ) বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশের মিল কর :

১।	শশ পণ্ডিত বানর, শৃগাল, ভোঁদর সহ	১	অত্যন্ত আনন্দিত হন
২	দেবরাজ ইন্দ্রকে দেখে বোধিসত্ত্ব	২	ধৈর্য ধারণ করেছিলেন।
৩	বোধিসত্ত্ব চম্পেয্য নামক	৩।	আচরণীয় নীতি
৪	চম্পেয্য নাগরাজশীলব্রত রক্ষার জন্য	৪	একমত হয়ে বাস করতেন
৫।	শীল চরিত্র বিশুদ্ধির	৫	মহা ঋদ্ধি সম্পন্ন নাগরাজ ছিলেন

(ঘ) সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও।

১। দেবরাজ ইন্দ্র বোধিসত্ত্বের নিকট কোন বেশ ধারণ করে উপস্থিত হয়েছিলেন?

ক. নারীর খ. বুদ্ধের

গ. ব্রাহ্মণের ঘ. যক্ষের

২। জ্বলন্ত অগ্নিকুণ্ডে কে লাফিয়ে পড়েছিলেন?

ক ব্রাহ্মণ বেশধারী ইন্দ্র খ শশকরূপ বোধিসত্ত্ব

খ চিত্ত বৈকল্য পাগল ঘ জাদুকর ক্ষত্রিয়সন্তান

৩। বোধিসত্ত্ব চম্পেয্য নাগরাজ জন্মে কোন পারমী পূরণ করেছিলেন?

ক. দান খ. শীল

গ. নৈষ্ক্রম্য ঘ. প্রজ্ঞা

৪। সাপুড়ে চম্পেয্য নাগরাজকে ধরে নিয়ে কোথায় খেলা দেখাচ্ছিল?

ক. পথের ধারে খ. চৌরাস্তার মোড়ে

গ. শহরের উপকণ্ঠে ঘ. রাজ প্রাঙ্গণে

অষ্টম অধ্যায়

থেরগাথা

উরুবেল কস্সপো থের

১ দিস্বান পটিহীরানি গোতমস্স যসস্সিনো,
ন তাবাহং পণিপতিং ইস্সা- মানেন বঞ্চিতো

২ মম সঙ্কপ্পমঞ্ঞায় চোদেসি নরসারথি,
ততো মে আসি সংবেগো অব্ভুতো লোমহংসনো

৩। পুব্বে জটিলভূতস্স যা মে ইদ্ধি পরিত্তিকা,
তাহং তদা নিরঙ্কত্বা পব্বজিং জিন-সাসনে

৪ পুব্বে যঞ্ঞেন সন্তুট্ঠো কামধাতু পুরক্খতো,
পচ্ছা রাগঞ্চ দোসঞ্চ মোহঞ্চাপি সমূহনিং।

৫ পুব্বেনিবাসং জানামি, দিব্বচক্খুং বিসোধিতং,
ইদ্ধিমা পরচিত্তঞ্ঞূ দিব্বসোতঞ্চ পাপুণিং

৬ যস্স চ'ত্থায় পব্বজিতো অগারস্মা অনগারিযং,
সো মে অত্থো অনুপ্পত্তো সব্বসংযোজনক্খয়ো'তি

শব্দার্থ

দিস্বান – দেখে, পটিহীরানি – প্রতিহার্য তাবাহং – তখনও আমি; পণিপতিং – প্রণাম , ইস্সামানেন – ঈর্ষা ও অভিমান বশত, সঙ্কপ্পমঞ্ঞায় – আমার সংকল্প জেনে, চোদেসি – নিগ্রহ করলেন শাসন করলেন; অব্ভুতো অদ্ভুত; আসি উৎপন্ন হল, লোমহংসনো লোমহর্ষ, জটিলভূতস্স জটিল সম্প্রদায়ের সময়ে; ইদ্ধি – ঋদ্ধি; পরিত্তিকা – যৎসামান্য; নিরঙ্কত্বা – ত্যাগ করে; পব্বজিং – প্রব্রজ্যা গ্রহণ করি; যঞ্ঞেন – যজ্ঞদ্বারা; কামধাতু – স্বর্গসুখ, পুরক্খতো – ভোগ করব বলে; পচ্ছা – পরে সমূহনিং – ধ্বংস করে, পুব্বেনিবাসং পূর্বজন্মবৃত্তান্ত জানামি অবগত হই, দিব্বচক্খুং দিব্যচক্ষু বিসোধিতং বিশুদ্ধ করে; পরচিত্তঞ্ঞানং পরচিত্তজ্ঞান; পাপুণিং প্রাপ্ত হয়েছি; যস্স চ'ত্থায় অহং যে কারণে আমি; অগারস্মা আগার (গৃহ) থেকে, গৃহীজীবন থেকে অনুপ্পত্তো – উৎপন্ন হয়নি সব্বসংযোজনক্খয়ো'তি – যাবতীয় সংযোজন বা বন্ধন ক্ষয়প্রাপ্ত হয়েছে

সারাংশ

উরুবেলা কাশ্যপ স্থবির পূর্বে জটিল সন্ন্যাসীভুক্ত ছিলেন। তিনি বুদ্ধের প্রাতিহার্য ঋদ্ধি দর্শন করেও তাঁকে প্রণাম করেন নি তথাগত বুদ্ধ তাঁর মিথ্যা সংকল্প জেনে 'তুমি অর্হৎ হও নি' এ বলে তিরস্কার করেছিলেন উরুবেলা কাশ্যপের সঙ্গে সঙ্গে সংবেগ ও লোমহর্ষ উৎপন্ন হল জটিল সন্ন্যাসী অবস্থায় তার সামান্য যে ঋদ্ধি ছিল তাও বুদ্ধের উপদেশে বিনষ্ট হল তিনি ভেবেছিলেন- যাগযজ্ঞের দ্বারা স্বর্গসুখে সন্তুষ্ট থাকবেন বুদ্ধশাসনে প্রব্রজ্যা গ্রহণের পর তাঁর সে চিন্তা দূরীভূত হল তাঁর দিব্যচক্ষু উৎপন্ন হল তিনি মৃত্যুভিজ্ঞ, পরচিত্ত জ্ঞান ও দিব্যশ্রোত্র জ্ঞান লাভ করলেন। যে উদ্দেশ্যে আগার থেকে অনাগারিকে প্রব্রজিত হয়েছেন তা সার্থক হয়েছে তিনি পরমার্থ লাভ করে সকল বন্ধন থেকে মুক্তি লাভ করেছেন

উরুবেলা কাশ্যপ

তিনি পদুমুত্তর বুদ্ধের সময় কুলগৃহে জন্মগ্রহণ করেন সে সময় শাস্তা এক ভিক্ষুকে মহাপরিষদলাভীর শ্রেষ্ঠস্থানে নিয়োগ করেছিলেন তিনিও সে পদ লাভের জন্য মহাদান দেন পদুমুত্তর বুদ্ধ তাঁকে সে বর প্রদান করেন এবং গৌতম বুদ্ধের সময় তাঁর প্রার্থনা পূর্ণ হবে বলে ভবিষ্যদ্বাণী করেন

তারপর অনেক জন্ম পরিগ্রহ করে গৌতম বুদ্ধের উৎপত্তির অল্পকাল পূর্বে বারাণসীতে ব্রাহ্মণকুলে জন্ম নেন তাঁরা তিন সহোদর ছিলেন কাশ্যপ গোত্রে জন্ম বলে তারা কাশ্যপ নামে পরিচিত ছিলেন বয়ঃপ্রাপ্ত হলে তাঁরা ত্রিবেদ শিক্ষা করেন বড় ভাইয়ের পাঁচশত, মধ্যম ভাইয়ের তিনশত এবং ছোট ভ্রাতার দু'শত করে শিষ্য ছিল অগ্রজ নিজের শিষ্য নিয়ে উরুবেলায় গমন করে ঋষিপ্রব্রজ্যা গ্রহণ করেন তখন থেকে তিনি উরুবেলা কাশ্যপ নামে পরিচিত হন। মধ্যম কাশ্যপ গঙ্গা নদীর বাঁকে ছিলেন বলে তাঁর নাম হয় নদী কাশ্যপ কনিষ্ঠ ভ্রাতা গয়াশীর্ষে অবস্থান করতেন তাই তাঁকে গয়াকাশ্যপ বলা হত।

বুদ্ধ সারনাথে পঞ্চবর্গীয় শিষ্য ও যশ স্থবির প্রমুখ পঞ্চান্ন জন ভিক্ষুকে ধর্মপ্রচারের জন্য আদেশ দেন তারপর ভগবানবুদ্ধ ভদ্রবর্গীয় কুমারদেরকে প্রব্রজ্যা প্রদান করে উরুবেলা কাশ্যপের বাসস্থানে উপনীত হন সেখানে তিনি তাঁর অগ্নিশালায় কিছুদিন বাস করেন সে সময় বুদ্ধ বিবিধ প্রকার ঋদ্ধি প্রদর্শন করেন শিষ্যসহ উরুবেলা কাশ্যপকে উপসম্পদা প্রদান করেন তাঁর দীক্ষাগ্রহণের কথা শুনে অপর দু'ভাইও সপরিষদ বুদ্ধের নিকট উপসম্পদা লাভ করেন তখন ভগবান কাশ্যপপুত্রসহ এক হাজার ভিক্ষুকে উপলক্ষ করে গয়াশীর্ষের সুবিস্তৃত পাষাণপৃষ্ঠে 'আদিত্ত পরিয়ায় সুত্ত' দেশনা করলে সকলেই অর্হত্বফলে প্রতিষ্ঠিত হন উরুবেলা কাশ্যপ অর্হত্বফল প্রাপ্ত হয়ে মনের আনন্দে গাথাগুলো ভাষণ দিয়েছিলেন

সব্বকামি থের

১। দিপাদকোযং অসুচি দুগ্গন্ধো পরিহীরতি,
নানাকুণপপরিপূরো বিস্সবন্তো ততো ততো

২। মিগং নিলীনং কূটেন বলিসেনেব অম্বুজং,
বানরং বিয লেপেন বাধযন্তি পুথুজ্জনং।

৩। রূপা সদ্দা রসা গন্ধা ফোট্ঠব্বা চ মনোরমা,
পঞ্চকামগুণা এতে ইত্থি রূপস্মিং দিস্সরে।

৪। যে এতা উপসেবন্তি রত্তচিত্তা পুথুজ্জনা,
বড্ঢেন্তি কটসিং ঘোরাং আচিণন্তি পুনব্ভবং।

৫। যো চেতা পরিবজ্জেতি সপ্পস্সেব পদা সিরো,
সো'মং বিসত্তিকং লোকে সতো সমতিবত্ততি।

৬ কামেস্বাদীনবং দিস্বা নেক্খম্মং দট্ঠুখেমতো,
নিস্সটো সব্বকামেহি পত্তো মে আসবক্খযো'তি

শব্দার্থ

দিপাদকোযং মানব দেহ, দুগ্গন্ধো দুর্গন্ধ; পরিহীরতি ঢেকে রাখে; নানাকুণপপরিপূরো নানাঘৃণিত বিষয়ে পরিপূর্ণ; বিসসবন্তো – নির্গত হয়, নিলীনং – আবৃত, অম্বুজং – মাছ; বলিসেনে'ব – বড়শী দ্বারা; লেপেন – আচ্ছাদন দ্বারা, বাধযন্তি – আবদ্ধ করে, পুথুজ্জনং – পৃথকজন, সাধারণ লোক, ফোট্ঠব্বা স্পর্শ; ইত্থি স্ত্রী দিস্সরে দেখা যায় উপসেবন্তি সেবা করে' বড্ঢেন্তি বৃদ্ধি করে, কটসিং – নরক, দুঃখপূর্ণ স্থান, আচিণন্তি – সঞ্চয় করে; পুনব্ভবং – পুনর্ভব, ভবতৃষ্ণা, পরিবজ্জেতি – ত্যাগ করে, সপ্পস্সেব – সর্প শিরের মত, চেতা – তৃষ্ণামুক্ত লোক; সমতিবত্ততি – অতিক্রম করে, কামেস্বাদীনবং কামের দোষসমূহ, দট্ঠু দেখে।

সারাংশ

মানব দেহ অশুচি ও দুর্গন্ধময় তাই পুষ্প প্রভৃতির সুগন্ধি দ্বারা ঢেকে রাখতে হয় কেশ, লোম প্রভৃতি কোন অংশই পবিত্র নয় দেহ থেকে থুথু বিষ্ঠা মূত্রাদি নির্গত হয় লোমকূপ দিয়ে ঘাম বের হয় এ সমস্ত কারণেই মানুষ দুর্গন্ধ ঢেকে রাখার জন্য সুগন্ধির প্রলেপ দেয়

ঘেরার মধ্যে মৃগকে আবদ্ধ করা হয় বড়শী দ্বারা মৎস্যকে এবং শৃঙ্খল দ্বারা বানরকে আটকে রাখা হয় তেমনি অন্ধ মূর্খজনও পঞ্চ কামগুণে আবদ্ধ থাকে তারা আসক্তচিত্তে স্ত্রীলোকের রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শে মোহিত হয়ে তা সেবন করে ফলে তাদের ভবতৃষ্ণা বৃদ্ধি পায়।

সর্বকামি স্থবির কামের এ দোষগুলো প্রত্যক্ষ করে প্রব্রজিত হন তিনি সেগুলো যথাযথ উপলব্ধি করে জাগতিক ধর্মসমূহ থেকে সম্পূর্ণ পৃথক হয়েছেন তাঁর সমস্ত আসব ক্ষয়প্রাপ্ত হয়েছে

সব্বকামি স্থবির

তিনি বিভিন্ন জন্মে পুণ্য সঞ্চয় করে দোষ মীমাংসার জ্যেষ্ঠত্ব অর্জন করেন শেষজন্মে গৌতম বুদ্ধের সময় বৈশালীতে ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করেন পরিণত বয়সে জ্ঞাতিগণের অনুরোধে বিয়ে করেন কিছুদিন পর সংসার ত্যাগ করে আনন্দ স্থবিরের নিকট প্রব্রজিত হয়ে শ্রামণ্যধর্ম পালন করতে থাকেন

তিনি একদিন তাঁর গুরুর সাথে বৈশালীতে জ্ঞাতিগৃহে উপস্থিত হন। তখন তাঁর স্ত্রী স্বামীর অবর্তমানে অত্যন্ত কৃশ ও দুর্বল হয়েছিল। সে একখানি মলিন বস্ত্র পরিধান করে স্থবিরকে বন্দনা শেষে কাঁদতে লাগল। তা দেখে স্থবিরের করুণা উৎপন্ন হল। অসংযত চিন্তার দরুণ তাঁর ভাবাবেগ দেখা দিল। অশ্বের কশাঘাতের মত তাঁকে বিদ্ধ করল। শেষে শ্মশানে গিয়ে অশুভ ভাবনায় নিবিষ্ট হয়ে অর্হত্বফল লাভ করেন।

পরে তাঁর শ্বশুর কন্যাকে নিয়ে স্থবিরের চীবর ত্যাগ করাবার জন্য বিহারে উপস্থিত হন। স্থবির শ্বশুরের অভিপ্রায় জ্ঞাত হয়ে কামভোগের প্রতি বিতৃষ্ণাভাব জাগ্রত করে গাথাগুলো ভাষণ করেছিলেন। গাথা শ্রবণে শ্বশুর কামসেবায় তাঁকে প্রলুব্ধ করা যাবে না দেখে চলে গেলেন। স্থবির ১২০ বছর পরমায়ু লাভ করেছিলেন।

সুমঙ্গল থের

সুমুত্তিকো সুমুত্তিকো সাহু সুমুত্তিকোম্হি তীহি খুজ্জকেহি,
অসিতাসু মযা নঙ্গলাসু মযা খুদ্দ কুদ্দালাসু মযা
যদিপি ইধমেব ইধমেব অথ বাপি অলমেব অলমেব,
ঝায সুমঙ্গল ঝায সুমঙ্গল অপ্পমত্তো বিহর সুমঙ্গলা'তি

শব্দার্থ

সুমুত্তিকো – সুমুক্ত, সাহু – সাধু, উত্তম; তীহি – ত্রিবিধ; খুজ্জকেহি – কুব্জের লক্ষণ দ্বারা; অসিতাসু – কৃষক দ্বারা কর্তন, নঙ্গলাসু – লাঙ্গল দ্বারা কর্ষণ, কুদ্দালাসু – কোদাল দ্বারা খনন। যদিপি – যদিও, ইধমেব (ইধং + এব) – এখানে অর্থাৎ গ্রামে, অলমেব (অলং + এব) তবুও ভাল, ঝায – ধ্যান কর, অপ্পমত্তো – অপ্রমত্ত; বিহর – অবস্থান কর।

সারাংশ

সুমঙ্গল স্থবির নিজে বলেছেন—

সুমুক্ত হও। কৃষক কর্তনে, কোদাল খননে এবং কুব্জ লক্ষণে বুঝা যায়। এ ত্রিবিধ লক্ষণ থেকে আমি মুক্ত হয়েছি। কৃষিকার্যের এ ত্রিবিধ লক্ষণ দুঃখকর। আমি এ দুঃখ থেকে অব্যাহতি লাভ করেছি। যদিও আমি কৃষকদের মধ্যে অবস্থান করছি, আমার সে আকর্ষণ আর নেই। সুমঙ্গল ধ্যান কর। ধ্যানে রত হয়ে অপ্রমত্তভাবে বাস কর।

সুমঙ্গল স্থবির

তিনি সিদ্ধার্থ বুদ্ধের সময় বৃক্ষদেবতা হিসেবে জন্মগ্রহণ করেন। একদিন ভগবান স্নান করছিলেন। তাঁর একটি মাত্র চীবর দেখে দেবতা করতালি দিয়েছিলেন। সে কারণে তিনি গৌতম বুদ্ধের সময় শ্রাবস্তীর এক দরিদ্রকুলে জন্ম নেন। তার নাম ছিল সুমঙ্গল। সে কৃষি কার্যের দ্বারা জীবন যাপন করত।

একদিন রাজা প্রসেনজিৎ ভিক্ষুসংঘকে মহাদান দিয়েছিলেন। মজুরেরা দানীয় বস্তু বহন করে নিয়ে এসেছিল। সেও দধিভাণ্ড বহন করে এনেছিল। ভিক্ষুসংঘের সম্মান সৎকার দেখে সে ভাবল, শাক্যপুত্রীয় শ্রমণগণ সুখে ভোজন ও শয়ন করেন। নিরাপদে থাকেন। আমিও প্রব্রজ্যা গ্রহণ করলে ভাল হয়।

পরে এক মহাস্থবিরের নিকট প্রব্রজিত হয়ে অরণ্য বিহারে কর্মস্থান ভাবনা করছিলেন এমন সময় তিনি চীবর ত্যাগের ইচ্ছায় জ্ঞাতিকুলে যাচ্ছিলেন পথে এক কৃষককে ছেঁড়া কাপড়ে কোমর বেঁধে ক্ষেতে কাজ করতে দেখলেন তার শরীরে কাদা মাখা জল রোদে শুকিয়ে কেমন যেন হয়ে গেছে তা দেখে তিনি চিন্তা করলেন অহো, জীবন যাপনের জন্য মানুষ এত দুঃখ ভোগ করছে এতে তাঁর ভাব উৎপন্ন হল তখন তিনি এক বৃক্ষমূলে গিয়ে কর্মস্থানে মনোনিবেশ করলেন অল্প সময়ে অর্হত্বফল লাভে সমর্থ হলেন দুঃখ থেকে পরিত্রাণ লাভের সফলতা বর্ণনা করতে গিয়ে তিনি গাথাগুলো ভাষণ দিয়েছিলেন

টীকা

থেরগাথা

থেরগাথা সুত্ত পিটকের অন্তর্গত খুদ্দক নিকায়ের অষ্টম গ্রন্থ এ গ্রন্থে বুদ্ধের সমসাময়িক ২৬৪ জন থের-র রচিত গাথা সংকলিত হয়েছে মোট ১৩৬০টি গাথা আছে গাথাগুলো ২১টি নিপাতে বিভক্ত গাথার সংখ্যা অনুসারেই নিপাতগুলো ঠিক করা হয়েছে

জ্ঞানী ও বয়োবৃদ্ধ ভিক্ষুরাই থের নামে অভিহিত গাথাগুলোতে তাঁদের পুণ্যকর্ম ও অনাগারিক জীবনের অভিজ্ঞতা সুন্দরভাবে প্রকাশিত হয়েছে অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে তাঁরা প্রাকৃতিক সৌন্দর্যও তুলে ধরেছেন বৌদ্ধযুগে রচিত কাব্যগ্রন্থসমূহের মধ্যে থেরগাথা বিশিষ্ট স্থান অধিকার করে আছে লোকোত্তর জীবনের পূর্ণতা ও প্রয়োজনীয়তা তুলে ধরাই থেরগাথার কবিতাগুলোর মুখ্য উদ্দেশ্য মহাজ্ঞানী সারিপুত্র, মহাঋদ্ধিবান মৌদগল্যায়ন, ধর্মকথিক আনন্দ, বিনয়ধর উপালি প্রমুখ স্থবিরদের জীবন চরিত থেরগাথায় স্থান পেয়েছে

ভদ্দাকুণ্ডল কেসা থেরী

১। লূনকেসী পঙ্কধরী একসাটী পুরে চরিং।
অবজ্জে বজ্জমতিনী বজ্জে চাবজ্জদস্সিনী

২ দিবাবিহারা নিক্খম্ম গিজ্ঝকূটম্হি পব্বতে
অদ্দসং বিরজং বুদ্ধং ভিক্খুসঙ্ঘপুরক্খতং।।

৩। নিহচ্চ জানুং বন্দিত্বা সম্মুখা পঞ্জলি অহং।।
এহি ভদ্দেতি অবচ সা মে আসূপসম্পদা।

৪। চিণ্ণা অঙ্গা চ মগধা বজ্জী কাসী চ কোসলা।।
অনণা পঞ্ঞাসবস্সানি রট্ঠপিণ্ডং অভুঞ্জিহং।

৫. পুঞ্ঞং চ পসবিং বহুং সপ্পঞ্ঞো বতাযমুপাসকো,
যো ভদ্দায চীবরমদাসি মুত্তায সব্বগন্থেহি।।

শব্দার্থ

লূনকেসী — কেশহীন; পঙ্কধারী — ধূলিতে ম্লান; একসাটি — একটি মাত্র বস্ত্রে আবৃত; চরিং — বিচরণ করতাম; অবজ্জে — বর্জন করতাম; বজ্জমতিনী — বর্জনীয়; চাবজ্জদস্সিনী — গ্রহণীয়; দিবাবিহারা — দিনের বেলায় বিশ্রাম; নিক্খম্ম — নিষ্ক্রমণ; গিজ্ঝকূটম্হি — গৃধ্রকূটে; অদ্দসং — দেখে; ভিক্খুসঙ্ঘ পুরক্খতং — ভিক্ষুসংঘপূজিত; নিহচ্চজানুং — নতজানু হয়ে; বন্দিত্বা — বন্দনা করে; সম্মুখা — অঞ্জলি কৃতাঞ্জলিপুটে; এহি ভদ্দেতি — ভদ্রে এস; অবচ — বললেন; আসূপসম্পদা — উপসম্পদা দিলেন; কোসলা — কোশল রাজ্য; অনণা — অঋণী; পঞ্ঞাসবস্সানি — পঞ্চাশ বৎসর; রট্ঠপিণ্ডং — রাজ্যে পিণ্ডচরণ করে; অভুঞ্জি'হং — আমি ভোজন করতাম; সপ্পঞ্ঞো — প্রজ্ঞাবান ব্যক্তি; মুত্তায — মুক্তচিত্ত।

সারাংশ

ভদ্রা কুণ্ডলকেশা পূর্বে ছিন্নকেশে, ধূলিমাখা দেহে এবং একটিমাত্র বস্ত্রে আবৃত হয়ে বিচরণ করতেন। যা বর্জনীয় বিষয় তা তিনি গ্রহণ করতেন। একদিন দিবা বিশ্রাম শেষে তিনি গৃধ্রকূটপর্বতে গমন করেন। সেখানে ভগবান বুদ্ধের সাক্ষাৎ পান। ভদ্রা বুদ্ধকে নতজানু হয়ে কৃতাঞ্জলিপুটে বন্দনা করলেন। বুদ্ধ 'ভদ্রে এস' বলে তাঁকে উপসম্পদা দিলেন। তারপর তিনি পঞ্চাশ বৎসর যাবৎ অঙ্গ, মগধ, বজ্জী, কাশী এবং কোশল রাজ্যে ভ্রমণ করেন। তিনি কারও কাছে ঋণী ছিলেন না। ভিক্ষালব্ধ অন্ন দ্বারা জীবন ধারণ করতেন। এক বিজ্ঞ উপাসক প্রসন্নচিত্তে তাঁকে কঠিন চীবর দান দিয়েছিলেন। তিনিও প্রভূত পুণ্য অর্জন করেছিলেন।

ভদ্রা কুণ্ডলকেশা

তিনি বিভিন্ন জন্মে বহু পুণ্য সঞ্চয় করেছিলেন। সেই পুণ্যের ফলে গৌতম বুদ্ধের সময় রাজগৃহে রাজ-কোষাধ্যক্ষের গৃহে জন্মগ্রহণ করেন। তাঁর নাম রাখা হয়েছিল ভদ্রা। তিনি রূপে-গুণে অতুলনীয় ছিলেন। রাজপুরোহিতের পুত্র 'সত্থু' দস্যুতার অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। রাজা তাকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছিলেন। নগররক্ষীরা রাজার আদেশে তাকে হত্যা করার জন্য বধ্যভূমিতে নিয়ে যাচ্ছিল। প্রাসাদ থেকে সত্থুর দেহ-সৌন্দর্য দেখে ভদ্রা তার প্রতি প্রণয়াসক্ত হন। তিনি পিতাকে বললেন, সত্থুকে না পেলে সে বাঁচবে না।

পিতা কন্যার প্রতি অত্যন্ত স্নেহবশত নগররক্ষীদেরকে ঘুষ দিয়ে সত্থুকে মুক্ত করলেন। উভয়ের বিয়ে হল। ভদ্রার অনেক রত্নালংকার দেখে সেগুলোর প্রতি সত্থুর লোভ হল। সে স্ত্রীকে ছলনা করে বলল, সে প্রাণে রক্ষা পেলে বধ্যভূমির দেবতাকে পূজো দেওয়ার অংগীকার করেছিল। তাকে পূজো দিতে হবে।

ভদ্রা চোর স্বামীর কথায় বিশ্বাস করে পূজোর থালা সাজাল। তারপর মূল্যবান গহনা পরিধান করে স্বামীর সাথে চললেন। গভীর বনের শৃঙ্গের ওপরে অবস্থিত বধ্যভূমিতে পৌঁছলে, চোর স্বামী তাঁকে বলল, আমি পূজো দিতে আসি নি। তোমার রত্নালংকার নেওয়ার জন্যই তোমাকে এখানে এনেছি। ভদ্রা আশ্চর্য হয়ে গেল। যাকে মৃত্যুদণ্ড থেকে রক্ষা করে স্বামী বরণ করেছি তার এ প্রতিদান! অলংকার, সম্পত্তি সবই তার।

শেষ পর্যন্ত মূল্যবান অলংকারগুলো চোর স্বামীকে খুলে দিলেন। তারপর ভদ্রা সত্থুকে বললেন– আমি তোমাকে প্রাণভরে ভালবাসি। মৃত্যুর পূর্বক্ষণে তোমাকে প্রদক্ষিণ করে প্রণাম করে আমার মনোবাসনা পূর্ণ করতে চাই।

সত্থু অনুমতি দিল পূর্বক্ষিণ শেষে আলিংগন করতে গিয়ে ধাক্কা মেরে সত্থুকে পর্বতশৃঙ্গ থেকে গভীর নিচে বধ্যভূমিতে গর্তে ফেলে দিল . বনদেবতা তা দেখে তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন ভদ্রার প্রশংসা করলেন

ভদ্রা লজ্জায় আর পিতৃগৃহে ফিরে গেলেন না নিগ্রন্থ সন্ন্যাসীদের সংঘভুক্ত হলেন তালবৃন্তের দ্বারা তাঁর মাথার সমস্ত কেশ তুলে নেওয়া হয়েছিল পরে তাঁর মাথায় কুণ্ডলাকারে একগুচ্ছ কেশ উঠেছিল তাই তিনি 'কুণ্ডলকেশা' নামে অভিহিত হন।

তিনি নিগ্রন্থদের শিক্ষা সমাপ্ত করলেন তাঁরা সম্যক জ্ঞান দানের অসমর্থ হওয়ায় তাঁদের দল ত্যাগ করেন . তিনি জ্ঞান আহরণে বিভিন্ন স্থান পরিভ্রমণ করেন যেখানে যেতেন সেখানেই পণ্ডিতদের সাথে তর্কে অবতীর্ণ হতেন সবাইকে তর্কে পরাস্ত করতেন তাঁর হাতে একটি জম্বুবৃক্ষের শাখা থাকত তিনি শাখাটি মাটিতে স্থাপন করে তর্কযুদ্ধের জন্য পণ্ডিতদের আহ্বান জানাতেন একদিন জেতবন বিহার দ্বারে শাখাটি স্থাপন করে রাজধানীতে বিচরণ করতে লাগলেন , সারিপুত্র স্থবির তা পদদলিত করলেন থেরী ফিরে এসে স্থবিরের সাথে তর্কে অবতীর্ণ হন সারিপুত্র স্থবির থেরীর বিভিন্ন প্রশ্নের উত্তর দিলেন কিন্তু সারিপুত্র স্থবিরের একটি মাত্র প্রশ্ন 'এক কি' এটির উত্তর থেরী দিতে পারলেন না শেষে স্থবিরের নিকট পরাজয় স্বীকার করে নেন তিনি সারিপুত্র স্থবিরের পরামর্শ অনুযায়ী বুদ্ধের নিকট ত্রিশরণ গ্রহণ করেন বুদ্ধ তাঁকে উপদেশ দেওয়ার সময় অর্হত্ব প্রাপ্ত হন ভিক্ষুণীদের বাসস্থানে বাস করার সময় 'নির্বাণ পরম শান্তি' উপভোগ পূর্বক তিনি পরম আনন্দে গাথাগুলো গেয়েছিলেন।

টীকা

থেরীগাথা

থেরীগাথা খুদ্দক নিকায়ের নবম গ্রন্থ এতে ৭৩ জন থেরীর জীবনকথা সংগৃহীত আছে তাঁদের রচিত গাথার সংখ্যা ৫২২ গ্রন্থখানিতে ভিক্ষুণীদের সংসার জীবনের সুখ-দুঃখ এবং অনাগারিক জীবনের আধ্যাত্মিক সাধনার প্রতিফলন ঘটেছে থেরীরা আত্মশক্তিতে বলীয়ান ছিলেন সমাজের বহু অবহেলিত নারীকে বুদ্ধ তার ধর্মে স্থান দিয়েছিলেন পুত্রহারা কৃশা গৌতমী, স্বামী কর্তৃক বিতাড়িত ইসিদাসী, স্বজনহারা পাগলিনী পটাচারা, বেশ্যা আম্রপালি প্রমুখ অনেক নারী ভিক্ষুণীসংঘে যোগদান করে আত্ম-পরহিতে বিশেষ অবদান রাখেন প্রাচীন ভারতের নারী সমাজের স্থান নির্ণয়ের জন্য থেরীগাথা গ্রন্থটির মূল্য অপরিসীম ভারতীয় গীতি কবিতা সাহিত্যে থেরীগাথাকে প্রথম সারিতে স্থান দেওয়া হয়েছে

অনুশীলনী

**ক.	নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**

১	উরুবেল কস্সপথের'র গাথাগুলোর সারাংশ লেখ
২	উরুবেল কস্সপথের'র জীবনকাহিনী সংক্ষেপে বর্ণনা কর
৩	সপ্পকাসী থের কে ছিলেন? তাঁর গাথাগুলোর সারাংশ লিপিবদ্ধ কর

৪ সুমঙ্গল থের'র সংক্ষিপ্ত জীবনী আলোচনা করে তাঁর রচিত গাথাটির মূল্যায়ন কর।

৫ ভদ্দা কুণ্ডল কেসা থেরী'র জীবনের বিভিন্ন পটভূমি আলোচনা কর

৬ ভদ্দা কুণ্ডল কেসা থেরী কে ছিলেন? তাঁর রচিত গাথাগুলোর ভাবার্থ লেখ

খ. সংক্ষেপে উত্তর দাও :

১ বুদ্ধ কর্তৃক উরুবেলা কাশ্যপ স্থবিরের দীক্ষা গ্রহণের সংক্ষিপ্ত বর্ণনা দাও

২ উরুবেলা কাশ্যপের বাল্যজীবন সম্পর্কে সংক্ষেপে লেখ

৩ সব্বকামী থের'র অর্হত্ব লাভের ঘটনা সংক্ষেপে বিবৃত কর

৪ কৃষিকার্যের ত্রিবিধ লক্ষণ কী কী? সুমঙ্গল থের'র জীবনী থেকে উদ্ধৃত কর।

৫ ভদ্রাকুণ্ডল কেশা কে ছিলেন? তাঁর সংক্ষিপ্ত পরিচয় দাও

৬ ভদ্রাকুণ্ডল কেশা নিজ বুদ্ধিমত্তার দ্বারা কিভাবে চোর স্বামীর চক্রান্ত থেকে রক্ষা পেয়েছিলেন? অতি সংক্ষেপে আলোচনা কর।

গ. বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশের মিল কর :

১ উরুবেলা কাশ্যপ স্থবির পূর্বে	১। গৌতম বুদ্ধের সময় বৈশালীতে ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করেন
২ বড়শী দ্বারা মৎস্যকে এবং	২ থের নামে অভিহিত
৩ সব্বকামী স্থবির শেষ জন্মে	৩। শৃঙ্খল দ্বারা বানরকে আটকে রাখা হয়
৪ ভদ্রার অনেক বস্ত্রালংকার দেখে	৪। জটিল সন্ন্যাসীভুক্ত ছিলেন
৫ জ্ঞানী ও বয়োবৃদ্ধ ভিক্ষুরাই	৫। সেখুলোর প্রতি সত্তুর লোভ হল

ঘ. সঠিক উত্তরে টিক ($\surd$) চিহ্ন দাও :

১। উরুবেলা কাশ্যপ পূর্বে কোন সন্ন্যাসীভুক্ত ছিলেন ?

ক. জটিল খ. ব্রাহ্মণ সন্ন্যাসী

গ. উলঙ্গ ঘ. বৌদ্ধ

২। নদী কাশ্যপ কোন নদীর বাঁকে অবস্থান করতেন?

ক. যমুনা খ. ব্রহ্মপুত্র

গ. বরুণা ঘ. গঙ্গা

৪। সব্বকামি স্থবির কোথায় এবং কোনকুলে জন্মগ্রহণ করেছিলেন?

ক কপিলাবস্তুর শাক্যকুলে খ শ্রাবস্তীর রাজকুলে

গ বৈশালীর ক্ষত্রিয়কুলে ঘ. রাজগৃহের শূদ্রকুলে

৫। সুমঙ্গল থের গৃহীজীবনে কিসের দ্বারা জীবিকা নির্বাহ করতেন?

ক. ব্যবসা খ. শিক্ষকতা

গ. কৃষিকর্ম ঘ. রাজকর্ম

৬। ভদ্রা কুণ্ডলকেশা কার কন্যা ছিলেন?

ক. রাজ — পুরোহিত খ. রাজ — কোষাধ্যক্ষ

গ. রাজ — সেনাপতির ঘ. রাজ — কুলগুরুর

৭। ভদ্রা কুণ্ডলকেশার চোর স্বামীকে কেমন দণ্ড দেওয়া হয়েছিল?

ক. যাবজ্জীবন কারাবাস খ. মৃত্যুদণ্ড

গ. অর্থদণ্ড ঘ. বেত্রাঘাত

৮। ভদ্রা কুণ্ডলকেশাকে কোন্ স্থবির তর্কে পরাস্ত করেছিলেন?

ক. মহাকাশ্যপ খ. আনন্দ

গ. উপালি ঘ. সারিপুত্র

৯। 'পাপুণিং' শব্দের অর্থ কী?

ক. প্রাপ্ত হয় খ. প্রাপ্ত হয়েছে

গ প্রাপ্ত হবে ঘ প্রাপ্ত হয়নি

নবম অধ্যায়

ব্যাকরণ

কারক ও বিভক্তি

কারক

করোতি কিরিযং নিপফাদেতীতি কারকং যা ক্রিয়ার কার্য নিষ্পন্ন করতে সহায়তা করে তাকে কারক বলে কারক ছয় প্রকার যথা– কত্তা (কর্তা), কম্ম (কর্ম), করণ (করণ), সম্পদান (সম্প্রদান), অপাদান (অপাদান) এবং ওকাস (অধিকরণ)।

স্বামী বা সম্বন্ধপদ এবং আলপন বা সম্বোধন পদ ক্রিয়া নিষ্পন্ন করে না বলে এগুলো কারক নয়

কর্তৃকারক

যো করোতি সো কত্তা – যে ক্রিয়া সম্পাদন করে সে কর্তা। যথা – **মাতা** পুত্তং পঠাপেতি। – মাতা পুত্রকে পাঠদান করছেন এখানে 'মাতা' কর্তৃকারক।

কর্মকারক

যং করোতি তং কম্মং কর্তার ক্রিয়ার দ্বারা যা হয় তাকে কর্মকারক বলে যথা– সো **ভত্তং** ভুঞ্জতি – সে ভাত খায় এখানে 'ভত্তং' কর্ম কারক।

করণ কারক

যেন বা কযিরতে তং করণং যার দ্বারা কর্তার ক্রিয়া নিষ্পন্ন হয়, তাকে করণ কারক বলে যথা - সো **ফরসুনা** রুক্খং ছিন্দতি সে কুঠারের সাহায্যে বৃক্ষ ছেদন করছে এখানে 'ফরসুনা' করণ কারক

সম্প্রদান কারক

যস্স দাতুকামো রোচতে বা ধারযতে বা তং সম্পদানং কর্তা যাকে দান করতে ইচ্ছা করে, যার প্রতি কর্তার রুচি উৎপন্ন হয় এবং কর্তা যার নিকট ঋণগ্রস্থ তাকে সম্প্রদান কারক বলে যথা– **ভিক্খুস্স** অন্নং দেহি

– ভিক্ষুকে অন্ন দান কর এখানে 'ভিক্খুস্স' সম্প্রদান কারক

অপাদান কারক

যস্মা অপেতি ভযমাদত্তে বা তদপাদানং যা হতে দূরে গমন, ভীতি, গৃহীত হয় তাকে অপাদান কারক বলে যথা– **গামা** অপেন্তি চোরা – চোরগুলো গ্রাম হতে অন্তর্ধান করছে এখানে 'গামা' অপাদান কারক

অধিকরণ কারক

যো ধারো তং ওকাসং যা ক্রিয়ার আধার তার নাম ওকাস বা অধিকরণ কারক যথা– **আকাসে** বিহঙ্গা বিচরন্তি পাখিরা আকাশে বিচরণ করে এখানে 'আকাসে' অধিকরণ কারক

নিম্নে আরও কয়েকটি বিভিন্ন কারকের উদাহরণ দেওয়া হল :

কর্তৃকারক :

১। **রামো** গচ্ছতি। রাম যাচ্ছে।

২। **দারকো** চন্দং পস্সতি। – বালক চন্দ্র দেখছে।

কর্মকারক :

১। দারকো **চন্দং** পস্সতি। – বালক চন্দ্র দেখছে।

২। সো **গামং** গচ্ছতি। – সে গ্রামে যাচ্ছে।

করণ কারক :

১। দারকো **হত্থেন** কম্মং করোতি। – বালক হস্ত দ্বারা কাজ করে।

২। রামো **পাদেন** গচ্ছতি। – রাম পায়ের দ্বারা যাচ্ছে।

সম্প্রদান কারক :

১। উপাসকো **ভিক্খুস্স** চীবরং দদাতি।
উপাসক ভিক্ষুকে চীবর দান করছে।

২। রামো **সমণস্স** চীবরং দদাতি।
রাম **শ্রমণকে** চীবর দান করছে।

অপাদান কারক :

১। **রুক্খস্মা** ফলানি পতন্তি। – বৃক্ষ হতে ফল পড়ছে।

২। **আচরিয়তো** সিস্সো সিক্খং গণ্হাতি। – শিষ্য আচার্য থেকে শিক্ষা গ্রহণ করছে।

অধিকরণ কারক :

১। সীহো **বনে** বসতি। – সিংহ বনে বাস করে।

২। **তিলেসু** তেলং অত্থি। – তিলে তেল আছে।

বিভক্তি ভেদ

যার দ্বারা কারক নির্ণয় করা যায় তাকে বিভক্তি বলে। বিভক্তির দ্বারা কারকের পার্থক্য নির্ণয় করা যায়। কিন্তু কারক ও বিভক্তি এক নয়। একই বিভক্তি বিভিন্ন কারককে নির্ণয় করা যায়। তার ফলে কারকের পরিবর্তন হয় না। বিভক্তি সাত প্রকার। যথা–

১। পঠমা (প্রথমা), ২। দুতিয়া (দ্বিতীয়া), ৩। ততিয়া (তৃতীয়া), ৪। চতুত্থী (চতুর্থী), ৫। পঞ্চমী (পঞ্চমী), ৬। ছট্ঠী (ষষ্ঠী); ৭। সত্তমী (সপ্তমী)।

পঠমা বিভত্তি

১। **লিংগত্থে পঠমা** — লিংগার্থে শব্দের উত্তর প্রথমা বিভক্তি হয়। অর্থাৎ যে স্থলে অভিধেয় মাত্র বোঝায় তার জন্য শব্দ প্রয়োগ করা হয়, সে স্থলে প্রথমা বিভক্তি হয়। যথা ঃ — বুদ্ধো, ফলং

২। **কত্তরি চ** — কর্তৃকারকে পঠমা বিভক্তি হয়। যথা ঃ — চন্দো আভাতি। — চন্দ্র কিরণ দান করে।

হংসা সন্তরন্তি। — হংসগুলো সাঁতার কাটছে।

৩। **করণ-কম্মে** — কর্ম বাচ্যে পঠমা বিভক্তি হয়। যথা ঃ — মহামোগ্গল্লানেন দস্সিতো ইদ্ধি — মহামৌদগল্যায়ন কর্তৃক প্রদর্শিত ঋদ্ধি। ময়া ইদং কম্মং কতং। — এই কাজ আমার দ্বারা কৃত হয়েছে।

৪। **নামাদি যোগে** — নাম প্রভৃতি অব্যয় যোগে পঠমা বিভক্তি হয়। যথা ঃ —

পসেনদি নাম রাজা কোসল রট্ঠে রজ্জং কারি। — প্রসেনজিৎ নামে এক রাজা কোসল রাজ্যে রাজত্ব করতেন। বিসাখা মিগারমাতা'তি পঞ্ঞায়াতি। — বিশাখা মিগারমাতা নামে পরিচিত।

দুতিয়া বিভত্তি

১। **কম্মাদি দুতিয়া** — কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা– দাসো কম্মং করোতি — চাকর কাজ করছে। ভিক্খু ধম্মং দেসেতি — ভিক্ষু ধর্মদেশনা করছেন।

২। **কালদ্ধানং অচ্চন্তসংযোগে** — কাল বা স্থানের সংগে কোন দ্রব্য গুণ বা ক্রিয়ার নিবিড় সংযোগ বোঝালে সে কাল বা পথবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা ঃ — থেরো মাসং ঝায়তি — স্থবির একমাস ধরে ধ্যান করছেন। যোজনং দীঘং সালবনং — এক যোজন দীর্ঘ শালবন

৩। **কম্মপ্পবচনীয় যুত্তে** — কর্মপ্রবচনীয় পদের প্রয়োগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথাঃ — অনু, পতি, পরি, অভি — এ ক'টি উপসর্গ যখন লক্ষণ, বিচ্ছা (বার্ণিত) ইত্থমভূত (এই রকম ভাব বা স্বভাব বিরুদ্ধ ভাব) ভাগ, সহ ও হীন অর্থে প্রযুক্ত হয় তখন সেগুলোকে কর্মপ্রবচনীয় বলে। 'ধী' নিপাত যোগেও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা ঃ পব্বতং অনু (পতি, পরি, অভি) বহতি বাযু — পর্বতের দিকে বায়ু প্রবাহিত হচ্ছে

ধি ব্রাহ্মণস্স হন্তারং — ব্রাহ্মণ হত্যাকারীকে ধিক।

৪। গতি, বুদ্ধি — ভুজ — পঠ — হর — কর — সয়াদীনং কারিতে বা — গতিবোধাত্মক, বুদ্ধিবোধাত্মক ও ভুজ, পঠ, হর, কর, সর ইত্যাদি ধাতু নিজন্ত হলে নিজন্ত ক্রিয়ার কর্ম বিকল্পে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা ঃ

মাতা পুত্তং বিজ্জালয়ং গমায়তি — মাতা পুত্রকে বিদ্যালয়ে প্রেরণ করছে

উপাসিকা ভিকখুং ভত্তং ভোজয়তি — উপাসিকা ভিক্ষুকে ভোজন করাচ্ছেন

৫। কৃচি দুতিয়া ছট্ঠীনং অত্থে — ষষ্ঠী বিভক্তির অর্থে কখনও কখনও শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা ঃ — তং খো পন ভগবন্তং এবং কল্যাণো কিত্তিসদ্দো অব্ভুগ্গতো — সেই ভগবানের এই রকম সুযশ উত্থিত হয়েছে।

৬। অব্যয় যোগে চ — অন্তরা, অন্তো, তীরো, অভিতো, পরিতো ইত্যাদি অব্যয় যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা ঃ অন্তরা চ নালন্দং অন্তরা চ রাজগেহং — নালন্দা ও রাজগৃহের মধ্যবর্তী স্থান

গামং নিসসায় সংঘারামং অত্থি — গ্রামের পাশে একটি সংঘারাম আছে

৭। ততিযা সত্তমীনং — তৃতীয়া ও সপ্তমীর অর্থে কখনও কখনও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা- অহং তং নালপিসসামি- আমি তার সঙ্গে কথা বলব না

ধম্মং বিনা নত্থি সুখং। — ধর্ম বিনা সুখ নেই

ততিয়া বিভত্তি

১। করণে ততিয়া — করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়

যথা ঃ সো **পদসা** গচ্ছতি — সে পায়ে হাঁটছে।

উন্দুরো **দন্তেহি** বত্থং ছিন্দি — ইঁদুর দাঁত দিয়ে কাপড় কাটছে

২। কত্তরি চ — কর্ম ও ভাব বাচ্যে কর্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা ঃ

তুম্হেহি কিচ্চং আতপ্পং — চেষ্টা তোমাদেরকে করতে হবে।

স্বাকখাতো ভগবতো ধম্মো — ভগবান কর্তৃক ধর্ম সুন্দররূপে ব্যাখ্যাত হয়েছে

৩। সহাদি যোগে চ — সহ, অলং, কিং, সদ্ধিং, বিনা ইত্যাদি যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা ঃ পিতা পুত্তেন সহ গচ্ছতি — পিতা পুত্রসহ গমন করছে।

ভগবা ভিকখুসঙ্ঘেন সদ্ধিং রাজগেহং পাবিসি।

ভগবান ভিক্ষুসংঘ সহকারে রাজগৃহে প্রবেশ করলেন

৪। হেত্বত্থে চ — হেতু অর্থে এবং হেতু শব্দ যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা — সীলেন সুদ্ধিং হোতি — শীলের দ্বারা শুদ্ধি অর্জিত হয়।

কেন হেতুনা বিবাদতি? — ঝগড়া করছ কেন?

৫ যেনঙ্গ বিকারো — শরীরের যে অংশ বিকারগ্রস্থ সেই অংশবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয় যথা–
তস্সো একো অক্খিনা কানো — তার এক চোখ কানা

সোতেন বধিরো — কানে শোনে না।

৬। বিসেসনে চ — বিশেষণার্থে শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয় যথা — গোত্তেন গোতমো — জন্মের দ্বারা গৌতম

জাতিযা খত্তিযো — জন্মের দ্বারা ক্ষত্রিয়।

৭ সত্তমীযত্থে চ — সপ্তমী বিভক্তির অর্থেও তৃতীয়া বিভক্তি হয় যথা : —

তেন সমযেন ভগবা উরুবেলাযং বিহরতি।

সে সময় ভগবান উরুবেলায় বাস করছেন।

এত্তকেন সমযেন আগচ্ছহি — এ সময়ের মধ্যে আসবে

চতুর্থী বিভক্তি

১ সম্পদানে চতুত্থী — সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয় যথা : —

সো ভিক্খুস্স চীবরং দদাতি — সে ভিক্ষুকে চীবর দান করছে

ইসিনো অন্নপানং দেহি — ঋষিগণকে অন্ন পানীয় দাও।

২। আরোচনত্থে — আরোচনা বা জ্ঞাপনার্থে চতুর্থী বিভক্তি হয় যথা : —

তে ইমং ইত্থিং ভগবতো আরোচেসুং — তারা এ খবর ভগবানের নিকট নিবেদন করল

আমন্তযামি ভো ভিক্খু — হে ভিক্ষুগণ, আপনাদের আমি আহ্বান করছি

৩. নিমিত্তত্থে বা তদত্থে – নিমিত্ত বা তদর্থ বাচক শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয় যথা : —

সো অস্সায তিণং আহরতি সে অশ্বের জন্য তৃণ বিচরণ করছে

ভিক্খু পিণ্ডায চরতি — ভিক্ষু ভিক্ষার জন্য বিচরন করছে

৪. তুমত্থে — তুং প্রত্যয়ান্ত ক্রিয়া উহ্য থাকলে তার কর্মে বা তুং অর্থে ব্যবহৃত শব্দের উত্তরে চতুর্থী বিভক্তি হয় যথা অহং যুদ্ধায পক্কমিস্সামি আমি যুদ্ধ যাত্রা করব

থেরং দস্সনথায বা পস্সিতুং আগতম্হি — আমি স্থবিরকে দেখতে আসছি

৫ অলমত্থে — নিষ্প্রয়োজন বা সমকক্ষ অর্থে অলং শব্দ যখন প্রযুক্ত হয়, তখন চতুর্থী বিভক্তি হয়। যথা : —

অলং তে ইধ বাসেন — তোমার এখানে বাস করা নিষ্প্রয়োজন

৬। গত্যত্থে কম্মানি — গতি বোধাত্মক ধাতু কর্মে চতুর্থী বিভক্তি হয় যথা ঃ — অপ্পো সগ্গায় গচ্ছতি — স্বর্গে অল্প লোক যায় নমো তস্স ভগবতো ভগবানের উদ্দেশ্যে নমস্কার

৭। মঞঞনাদর, অপ্পানিনী — অনাদর, অবজ্ঞা বুঝালে (মন + য– মঞঞ) ধাতুর অপ্রাণী বাচক কর্মে চতুর্থী বিভক্তি হয় যথা ঃ — কলিংগরস্স তুবং মঞঞে — তোমাকে আমি কয়লার ন্যায় জ্ঞান করি

কট্ঠস্স তুবং মঞঞে তোমাকে আমি কাঠের ন্যায় মনে করি।

পঞ্চমী বিভক্তি

১। অপাদানে পঞ্চমী — অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয় যথা ঃ — রুক্খস্মা ফলং পততি — বৃক্ষ হতে ফল পড়ছে

পাপাচ্চয় চিত্তং নিবারযে পাপ হতে চিত্তকে নিবারিত কর।

২ ধাতুনামানং উপসগ্গযোগে — কতকগুলো ধাতু ও বিশেষ্য পদের সাথে কতকগুলো উপসর্গ যুক্ত হলে পঞ্চমী বিভক্তি হয় যথা ঃ — হিমবন্ত পভবন্তি (প +√ ভূ) পঞ্চ মহানদিয়ো পবাহন্তি– হিমালয় হতে পাঁচটি মহানদী প্রবাহিত হচ্ছে

সো সমাধিম্হা বুট্ঠহিস্সতি (ব + উট্ঠহি) - সে সমাধি হতে উত্থিত হবে।

৩। হেত্বত্থে — হেতু অর্থে পঞ্চমী বিভক্তি হয়। যথা — কস্মা হেতুনা তুং ইধাগতো? — কিসের জন্য তুমি এখানে এসেছ?

তস্মাহং বদামি — তা হলে আমি বলি

৪। রক্খণত্থানং ইচ্ছিতং — যে সমস্ত বস্তু অন্যের আক্রমণ বা উপদ্রব হতে রক্ষা করার প্রয়োজন হয় তার ওপর পঞ্চমী বিভক্তি হয় যথা ঃ উচ্ছুতো রক্খতি সীগালে — সে শৃগাল হতে ইক্ষু রক্ষা করে

৫। ত্বা লোপে কম্মাধিকরণেসু — ত্বা প্রত্যয়ান্ত শব্দের লোপ হলে কর্ম ও অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি হয় যথা- পাসাদম্হা অভিরূহিত্বা পস্সতি প্রাসাদ হতে দেখছে সো আসনা বুট্ঠহতি তিনি আসন হতে উঠছেন।

৬। দিসা যোগে — দিক বাচক শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয় যথা ঃ অবীচিতো উপরি — অবীচি নরকের ওপরে

উদ্ধং পাদতলা — পায়ের তলা হতে ওপরের দিকে।

৭। অদ্ধান কাল নিম্মানে — স্থান এবং কালের পরিধি নির্দেশ করতে পঞ্চমী বিভক্তি হয়। যথা ঃ গামস্মা কোসমত্তকে নদিং পবাহতি গ্রাম হতে এক ক্রোশ দূরে নদী প্রবাহিত হচ্ছে

ততো পট্ঠায তে নিহতমানা অহেসুং তখন থেকে তারা হতমান হয়েছিল

ছট্‌ঠী বিভত্তি

১। **সামিস্মিং ছট্‌ঠী** — স্বামী বা সম্বন্ধ পদে ষষ্ঠী বিভক্তি হয়। যথা ঃ — রঞ্‌ঞো সাসনং — রাজার শাসন (আদেশ)। ইন্দো দেবানং রাজা — ইন্দ্র দেবগণের রাজা।

২। **নিদ্ধারণে ছট্‌ঠী** — একাধিক ব্যক্তি বা বস্তু হতে একটির উৎকর্ষ বা অপকর্ষ, অবধারণ করাকে নির্ধারণ বলে। নির্ধারণে ষষ্ঠী বিভক্তি হয়। যথা ঃ — পসূনং সীহো সূরতমো — পশুদের মধ্যে সিংহ অধিক সাহসী। দেবানং সেট্‌ঠো ইন্দো — ইন্দ্র দেবতাদের মধ্যে শ্রেষ্ঠ।

৩। **ততিযা সত্তমীনং** — তৃতীয়া ও সপ্তমীর অর্থে কখনো কখনো ষষ্ঠী বিভক্তি হয়। যথা ঃ —
পুপ্‌ফস্‌স বুদ্ধং পূজেতি — ফুল দিয়ে বুদ্ধকে পূজা করছি। অযং দারিকা নচ্চগীতস্‌স কুসলা — এই বালিকাটি নাচ গানে নিপুণ।

৪। **সামি, সস্সরাধিপতি** — দাযাদ — সক্‌খি — পতিভূ — পসূত কুসলেহিচ — সামি, ইসসর — অধিপতি দায়াদ, সক্‌খি, পতিভূ, পসূত ও কুসল ইত্যাদি শব্দ যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা-

সো অযং উয্যানস্‌স সামি — সে এ উদ্যানের মালিক

সো নচ্চ গীতস্‌স কুসলো — সে নাচ গানে পটু।

৫। **দুতিযা পঞ্চমীনং** — দ্বিতীয়া ও পঞ্চমীর অর্থে কখনও কখনও ষষ্ঠী বিভক্তি হয়। যথা-

সব্বে ভাযন্তি মচ্চুনো — সকলেই মৃত্যু ভয়ে ভীত।

রাজা অম্হাকং জীবিতস্‌স দাতা — রাজা আমাদের জীবন দানকারী

সত্তমী বিভত্তি

১। **ওকাসে সত্তমী** — ওকাস বা অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়। যথা ঃ —

আকাসে সকুণা বিচরন্তি — পাখিগুলো আকাশে বিচরণ করছে

তস্মিং সরে উদকং বহুং — সে সরোবরে জল প্রচুর

২। **কালভাবেসুচ** — কালার্থে এবং ভাবার্থে সপ্তমী বিভক্তি হয়। যথা-

ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে বোধিসত্তো মিগযোনিযং নিব্বত্তি — ব্রহ্মদত্তের রাজত্বকালে বোধিসত্ত্ব মৃগকুলে জন্মগ্রহণ করেছিলেন

সূরিযো উগ্‌গচ্ছন্তে অন্ধকারং অন্তরাধাযতে — সূর্য উদিত হলে অন্ধকার অন্তর্ধান হয়

৩। উপাধ্যাধিকিস্সরবচনে — উপ এবং অধি উপসর্গ যথাক্রমে অধিক এবং ঈশ্বর অর্থবাচক হলে শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা : —

অধি দেবেসু বুদ্ধো — দেবতা হতেও বুদ্ধ শ্রেষ্ঠ।

অধিসীলে বিসুদ্ধো — শীল হতেও বিশুদ্ধ।

৪। কম্ম-করণ-নিমিত্তেসু সত্তমী — কর্ম, করণ ও নিমিত্তার্থে সপ্তমী বিভক্তি হয়। যথা : —

সো বাহাসু গহেত্বা গচ্ছতি — সে বাহুতে করে নিয়ে যায়। ভিক্খু পত্তেসু ভিক্খায় চরন্তি — ভিক্ষু পাত্র নিয়ে ভিক্ষায় যায়।

৫। সম্পদানে চ — সম্প্রদান অর্থে সপ্তমী বিভক্তি হয়। যথা : —

সংঘস্স দিন্নং মহপ্ফলং — সংঘকে দান করলে মহাফল হয়।

৬। পঞ্চম্যত্থে চ — পঞ্চমীর অর্থেও সপ্তমী বিভক্তি হয়। যথা : —

কদলীসু গজে রক্খন্তি — হাতি থেকে কলা গাছ রক্ষা করে।

জেতবনে অন্তরধায়তি ভগবা — ভগবান জেতবন হতে চলে গেছেন।

অনুশীলনী

(ক) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১। কারক কাকে বলে? কারক কয় প্রকার ও কী কী? উদাহরণসহ বুঝিয়ে দাও।

২। কোন কোন অর্থে তৃতীয়া বিভক্তির প্রয়োগ হয়? সংজ্ঞাসহ উদাহরণ দাও।

৩। চতুর্থী বিভক্তি প্রয়োগের নীতিমালা উল্লেখ কর।

৪। বিভক্তি ভেদ বলতে কী বোঝায়? উদাহরণ সহ কয়েকটির প্রয়োগ দেখাও।

৫। সংজ্ঞা সহ উদাহরণ দাও :

কত্তরি চ, নাম্যাদি যোগে, ততিয়া সত্তমীহি চ, সহাদিযোগে চ, যেনঙ্গ বিকারো, অপাদানে পঞ্চমী, সামিস্মিং ছট্ঠী, নিদ্ধারণে চ ছট্ঠী, কাল-ভাবেসু চ, পঞ্চম্যত্থে।

(খ) সংক্ষেপে উত্তর দাও :

১। প্রত্যেক কারকের একটি করে উদাহরণ দাও।

২। করণ কারক কাকে বলে? দুটি উদাহরণ দাও।

৩। লিঙ্গার্থে শব্দের উত্তর কোন বিভক্তি প্রয়োগ হয়? উদাহরণ দাও।

৪ পঞ্চমী বিভক্তি প্রয়োগের পাঁচটি উদাহরণ দাও।

৫ বিভক্তি কত প্রকার ও কী কী?

৬ অধিকরণ কারক কাকে বলে? উদাহরণ দাও।

(গ) সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও :

১। কর্তৃকারকের উদাহরণ কোন্‌টি?

ক মাতা পুত্তং পঠাপেতি খ লোকেন চন্দং পস্সতি

গ রুক্খস্মা ফলং পততি ঘ বুদ্ধেন ধম্মং দেসিতো

২ উপাসকো ভিক্খুনং চীবরং দদাতি। — এটি কোন্ কারকের উদাহরণ?

ক. করণ খ. সম্প্রদান

গ. অপাদান ঘ. অধিকরণ

৩। করণে তৃতীয়া বিভক্তির উদাহরণ কোন্‌টি?

ক স্বাক্খাতো ভগবতো ধম্মো খ পিতা পুত্তেন সহ গচ্ছতি

গ অস্সো মগ্গায গচ্ছতি ঘ. সো পদসা গচ্ছতি

৪। নির্ধারণে ষষ্ঠী বিভক্তির উদাহরণ কোন্‌টি?

ক. পসূনং সীহো সূরতমো খ. চন্দো আভাতি

গ. দাসো কম্মং করোতি ঘ. সো গচ্ছতি

দশম অধ্যায়

শব্দরূপ [Declension]

পালিতে লিঙ্গে সাত প্রকার বিভক্তি যুক্ত হয় যথা . — প্রথমা, দ্বিতীয়া তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী এক সংখ্যা বুঝালে একবচন ও একাধিক সংখ্যা বুঝালে বহুবচন বচন ভেদে প্রত্যেক বিভক্তি দ্বিবিধ সম্বোধন পদকে পালিতে 'আলাপনং' বলে।

বিভক্তির স্বরূপ

	একবচন	বহুবচন
পঠমা	সি	যো
দুতিয়া	অং	যো
ততিয়া	না	হি
চতুত্থী	স	নং
পঞ্চমী	স্মা, মহা	হি
ছট্‌ঠী	স	নং
সত্তমী	স্মিং	সু

উ-কারান্ত পুংলিঙ্গ শব্দ
বিভক্তির আকৃতি

বিভক্তি	একবচন	বহুবচন
পঠমা	উ	ঊ ও
দুতিয়া	ং	ঊ, ও
ততিয়া	না	হি, ভি
চতুত্থী	সস, নো	নং
পঞ্চমী	না, স্মা মহা	হি, ভি
ছট্‌ঠী	সস নো	নং
সত্তমী	স্মিং, ম্হি	সু
আলাপনং	উ	ঊ ও এ

ভিক্খু (ভিক্ষু)

	একবচন	বহুবচন
পঠমা	ভিক্খু	ভিক্খু, ভিক্খবো
দুতিযা	ভিক্খুং	ভিক্খু, ভিক্খবো
ততিযা	ভিক্খুনা	ভিক্খূহি, ভিক্খূভি
চতুত্থী	ভিক্খুনো, ভিক্খুস্স	ভিক্খূনং
পঞ্চমী	ভিক্খুনা, ভিক্খুস্মা, ভিক্খুম্হা	ভিক্খূহি, ভিক্খূভি
ছট্ঠী	ভিক্খুনো, ভিক্খুস্স	ভিক্খূনং
সত্তমী	ভিক্খুম্হি, ভিক্খুস্মিং	ভিক্খূসু
আলাপনং	ভিক্খু	ভিক্খবো, ভিক্খু, ভিক্খবে

পিতু (পিতা — Father)

	একবচন	বহুবচন
পঠমা	পিতা	পিতরো
দুতিযা	পিতরং, পিতুং	পিতরো, পিতরে
ততিযা	পিতরা, পিতুনা	পিতূহি পিতূভি
চতুত্থী	পিতু, পিতুনো, পিতুস্স	পিতূনং, পিতানং
পঞ্চমী	পিতরা, পিতুনা	পিতূহি, পিতূভি
ছট্ঠী	পিতু, পিতুনো, পিতুস্স	পিতূনং পিতানং
সত্তমী	পিতরি	পিতরেসু, পিতূসু
আলাপনং	পিত, পিতা	পিতরো

উ – কারান্ত স্ত্রী – লিঙ্গ শব্দ
বিভক্তির আকৃতি

	একবচন	বহুবচন
পঠমা	উ	ঊ যো
দুতিয	ং	ঊ, যো
ততিযা	আ	হি, ভি

চতুত্থী	আ	নং
পঞ্চমী	আ	হি, ভি
ছট্‌ঠী	আ	নং
সত্তমী	অং, আ	সু
আলাপনং	উ	উ, যো

ধেনু (গরু – Cow)

	একবচন	বহুবচন
পঠমা	ধেনু	ধেনূ, ধেনুযো
দুতিযা	ধেনুং	ধেনূ, ধেনুযো
ততিযা	ধেনুযা	ধেনূহি, ধেনূভি
চতুত্থী	ধেনুযা	ধেনূনং
পঞ্চমী	ধেনুযা	ধেনূহি, ধেনূভি
ছট্‌ঠী	ধেনুযা	ধেনূনং
সত্তমী	ধেনুযা, ধেনুযং	ধেনূসু
আলাপনং	ধেনু	ধেনূ, ধেনুযো

মাতু (মাতা – Mother)

	একবচন	বহুবচন
পঠমা	মাতা	মাতা, মাতরো
দুতিযা	মাতরং	মাতরো, মাতরো
ততিযা	মাতরা, মাতুযা	মাতূহি, মাতূভি
চতুত্থী	মাতু, মাতুযা	মাতূনং
পঞ্চমী	মাতরা, মাতুযা	মাতূহি, মাতূভি
ছট্‌ঠী	মাতু, মাতুযা	মাতূনং, মাতুন্নং
সত্তমী	মাতুযং	মাতরেসু, মাতূসু
আলাপনং	মাত, মাতা	মাতরো, মাতা

দ্রষ্টব্য : যাগু, ধীতু, (দুহিতা), ধাতু, রজ্জু বলু (বালি), বিজ্জু, (বিদ্যুৎ), হনু, ইত্যাদি রূপ উপরোক্ত ধেনু এবং মাতু শব্দের ন্যায়

উ – কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

মধু (Honey)

	একবচন	বহুবচন
পঠমা	মধু	মধূনি, মধূ
দুতিয়া	মধুং	মধূনি, মধূ
ততিয়া	মধুনা	মধূহি, মধূভি
চতুত্থী	মধুস্স, মধুনো	মধূনং
পঞ্চমী	মধুনা, মধুস্মা, মধুম্হা	মধূহি, মধূভি
ছট্‌ঠী	মধুস্স, মধুনো	মধূনং
সত্তমী	মধুস্মিং, মধুম্হি	মধূসু
আলাপনং	মধু	মধূনি, মধূ

আয়ু (আয়ুস্ – Age)

	একবচন	বহুবচন
পঠমা	আয়ু	আয়ূনি, আয়ূ
দুতিয়া	আয়ুং	আয়ূনি, আয়ূ
ততিয়া	আয়ুনা, আয়ুসা	আয়ূহি, আয়ূভি
চতুত্থী	আয়ুস্স, আয়ুনো	আয়ূনং
পঞ্চমী	আয়ুস্মা, আয়ুম্হা	আয়ূহি, আয়ূভি
ছট্‌ঠী	আয়ুস্স, আয়ুম্হা	আয়ূহি, আয়ূভি
সত্তমী	আয়ুনি, আয়ুসি	আয়ূসু
আলাপনং	আয়ু	আয়ূনি, আয়ূ

দ্রষ্টব্য : ধনু, অস্সু (অশ্রু), বসু (ধন) ইত্যাদি রূপ উপরোক্ত মধু এবং আয়ু শব্দের ন্যায়।

উ – কারান্ত পুংলিঙ্গ শব্দ
সযম্ভূ (বুদ্ধের নাম)

	একবচন	বহুবচন
পঠমা	সযম্ভূ	সযম্ভূ, সযম্ভুবো
দুতিযা	সযম্ভুং	সযম্ভূ, সযম্ভুবো
ততিযা	সযম্ভুনা	সযম্ভূহি, সযম্ভূভি
চতুত্থী	সযম্ভুনো, সযম্ভুস্স	সযম্ভূনং
পঞ্চমী	সযম্ভুনো, সযম্ভুস্মা, সযম্ভুম্হা	সযম্ভূহি, সযম্ভূভি
ছট্‌ঠী	সযম্ভুনো, সযম্ভুস্স	সযম্ভূনং
সত্তমী	সযম্ভুস্মিং, সযম্ভুম্হি	সযম্ভূসু
আলাপনং	সযম্ভূ	সযম্ভূ, সযম্ভুবো

ঊ – কারান্ত স্ত্রী লিঙ্গ শব্দ
বধূ

	একবচন	বহুবচন
পঠমা	বধূ	বধূ, বধূযো
দুতিযা	বধুং	বধূ, বধূযো
ততিযা	বধুযা	বধূহি, বধূভি
চতুত্থী	বধুযা	বধূনং
পঞ্চমী	বধুযা	বধূহি, বধূভি
ছট্‌ঠী	বধুযা	বধূনং
সত্তমী	বধুযা, বধুযং	বধূসু
আলাপনং	বধূ	বধূ, বধূযো

ও – কারান্ত পুংলিঙ্গ শব্দ
গো (গরু – Cow)

	একবচন	বহুবচন
পঠমা	গো	গবো, গাবো
দুতিযা	গবং, গাবং, গবুং, গাবুং	গবো, গাবো
ততিযা	গবেন, গাবেন	গোহি, গোভি, গবেহি

